

রবিবার এক দিনের হজ্জ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হলো অল বেঙ্গল খাদিমুল হজ্জাজ ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে উল্বেড়িয়ায় মাদ্রাসা।...*বিস্তারিত পাতা ৩*

একটা সময় ছিল, যখন দু’জনে একসঙ্গে প্রচার করেছেন। স্বামীর হয়ে ভোট ময়দানে নেমে প্রচার করেছেন। ভোটভিক্ষা করেছেন। কিন্তু এখন সময় পাটেছে। ...*বিস্তারিত পাতা ৫*

শিলিগুড়ি মহাকুমার খড়িবাড়িতে উদ্ধার জোড়া মৃতদেহ। ঘটনাটি খড়িবাড়ির বুড়াগঞ্জের টুকরিয়াবাড় বনাঞ্চল লাগোয়া রামভোলা জোত এলাকা।...*বিস্তারিত পাতা ৬*

ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজ জিতে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় শীর্ষস্থানে ভারত। ধরমশালায় টেস্ট জেতার পর সুখবর এল। ...*বিস্তারিত পাতা ৮*

বহিরাগতদের বিসর্জনের যাত্রা শুরু’, হুঙ্কার অভিষেকের



দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চ : ব্রিগেডের মঞ্চ উঠে বড় মন্তব্য করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। ব্রিগেডে জড়ো হওয়া মানুষদের উদ্দেশ্যে আগে প্রণাম জানান অভিষেক। তিনি বলেন, ‘২ সপ্তাহে কম ব্যবধানে ব্রিগেডের আয়োজন করা হল। ১২ দিনের মাথায় ব্রিগেড করে দেখালাম।’ ব্রিগেডে জনগর্জন সভা থেকে তৃণমূল সাংসদ আরও বলেন,

‘বিজেপির বিসর্জনের যাত্রা শুরু। কেউ কেউ ভেবেছিল তৃণমূল ধুয়ে যাবে। বিজেপির কাছে ইডি, সিবিআই আছে, তৃণমূলের কাছে মানুষ আছে। আগামীর রায় শোষণকারীরা, অত্যাচারীরা বিদায়। আজকের ব্রিগেড বিজেপিকে বিসর্জন দেওয়ার ব্রিগেড।’ তিনি জানান, ‘তৃণমূল কথা দিয়ে কথা রাখে। ৬ মাসের মধ্যে ১০০ দিনের টাকার ব্যবস্থা করবে। বিজেপি বাংলা বিরোধী। এমন অগোজ তুলুন যাতে দিল্লিতে ভূমিকম্প হোক। মানুষ কড়ায় গন্ডায় জবাব দেবে। মোদীর গ্যারেন্টের জিরো ওয়ার্যান্টি। আগে চোর চুরি করে জেলে যেত, এখন বিজেপিতে যায়। দিল্লির কাছে আত্মসমর্পণ করবে না। মমতা বন্দ্যোপাধ্যায় না থাকলে জঙ্গলমহলে শান্তি ফিরত না।’ এদিন ব্রিগেডের মঞ্চ থেকে আসানসালের বিজেপি প্রার্থীকে নিয়ে কটাক্ষ করেন অভিষেক।

প্রার্থী তালিকায় বড় চমক

ময়দানের লড়াকুরাই মমতার ‘তুরুপের তাস’

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চ : গত লোকসভা হোক কিংবা একুশের বিধানসভা ভোট তৃণমূলের প্রার্থীতালিকা ছিল গ্ল্যামারাস। তবে চর্কিশের লোকসভার প্রার্থীতালিকায় তারকামুখের থেকে পোক্ত রাজনীতিক কিংবা ময়দানের লড়াকুদের উপরই ভরসা রাখলেন তৃণমূলের দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবার ব্রিগেডের মঞ্চ থেকেই ৪২টি আসনের প্রার্থী ঘোষণা করলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেখানেই দেখা গেল, এবারের নির্বাচনে বাংলার শাসক শিবিরের প্রার্থী তালিকায় দুই বড় চমক- রচনা বন্দ্যোপাধ্যায় এবং ইউসুফ পাঠান। সিনেদুয়ার পাশাপাশি ক্রীড়াঙ্গণের ব্যক্তিত্বরাও চাই পেয়েছেন মমতার প্রার্থী তালিকায়। রচনা যে লোকসভা ভোটেই প্রার্থী হয়ে চলেছেন, সেখান আগেই জানা ছিল। জোড়াফুলের টিকিট হুগলি থেকে লড়ছেন ‘দিদি নম্বর ওয়ান’। সেই প্রেক্ষিতে হুগলিতে এবার মেগাঘণ্টা বিজেপির লকেট চট্টোপাধ্যায় বনাম তৃণমূলের রচনা বন্দ্যোপাধ্যায়। অন্যদিকে যাদবপুরের মতো গুরুত্বপূর্ণ কেন্দ্রে ‘মিমি চক্রবর্তীর পরিবর্তে তৃণমূলের যুবনেত্রী তথা অভিনেত্রী সায়নী ঘোষের উপর আস্থা রেখেছেন ‘ যিনি একুশের বিধানসভা ভোটের সময় প্রচারের ময়দানে আদা-জল খেয়ে নেমেও পরাস্ত হয়েছিলেন। তবে সায়নীর নিষ্ঠা বিফলে যায়নি। তারই উপহার যাদবপুর কেন্দ্রের প্রার্থীপদ। একুশের বিধানসভায় মেদিনীপুর থেকে লড়ে বিধায়ক হয়েছিলেন জুন মালিয়া। ওবে এবার দলনেত্রী মমতার আশীর্বাদন্যা অভিনেত্রী সেই কেন্দ্র থেকেই সাংসদ পদের লক্ষে লড়তে চলেছেন। মিমি চক্রবর্তী কিংবা নুসরত জাহান প্রার্থীতালিকা থেকে বাদ পড়লেও ‘গুডবন’ দেবকে সেই ঘাটল থেকেই প্রার্থী ঘোষণা করা হল। হাজার হোক, ঘাটাল মাস্টার প্লানের স্বপ্ন বাস্তবায়িত করার জন্য টলিউড সুপারস্টার সংসদে দাঁড়িয়ে বারংবার সত্ব হয়ে স্টার রাজনীতিকদের ‘মৌন মহারাজ’ তকমাও ঘুচিয়ে দিয়েছিলেন। তাছাড়া, দেবের মতো হেডিওয়েট স্টার ভোটবাহু ভাঙ্গি করার অস্ত্র। এবার জিতলে সাংসদ হিসেবে যাত্রিক করবেন তিনি। বীরভূম থেকে তৃণমূলের টিকিট লড়ছেন অভিনেত্রী শতাব্দী রায়। বিগত কয়েক বছর ধরেই রাজনীতির ময়দানে সক্রিয় তিনি। অন্যদিকে আসানসোলা কেন্দ্র জেতার তৃণমূলের তুরুপের তাস শত্রু্য সিনহা। এছাড়াও ইউসুফ পাঠানের মতো তাড়ত ভাতীয় ক্রিকেটারের নামও রয়েছে তৃণমূলের লোকসভা নির্বাচনের প্রার্থী তালিকায়। বহরমপুর কেন্দ্রের লড়ছেন তিনি। বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রে তৃণমূলের স্টার প্রার্থী কীর্তি আজাদ। প্রার্থীপদ পাওয়ার পরই ব্রিগেডের মঞ্চ থেকে মোদিকে বিধে বার্তা দেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার। এদিকে দিন কয়েক আগেই রায়গঞ্জের আইজি পদ থেকে ইস্তফা দেন প্রসূন বন্দ্যোপাধ্যায়। যিনি টেলিপর্দার বেশ জনপ্রিয় মুখ। তখন থেকেই জল্পনার সূত্রপাত যে, জোড়াফুলের টিকিট লোকসভা প্রার্থী হচ্ছেন প্রসূন। রবিবার ব্রিগেডে তাতে সিলমোহর পড়ল। হাওড়া থেকে তৃণমূলের প্রার্থী হিসেবে প্রসূন বন্দ্যোপাধ্যায়ের নাম ঘোষণা করল তৃণমূল।

হরিয়ানায় বড় ধাক্কা বিজেপির

নয়াদিল্লি, ১০ মার্চ : লোকসভা নির্বাচনের প্রাক্কালে রাজ্যে রাজ্যে শুরু হয়েছে বিজেপির দলভাঙানোর রাজনীতি। ঠিক তখনই উল্টো ছবি দেখা গেল বিজেপি শাসিত হরিয়ানায়। রবিবার কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাডগেলে হাতে ধরে এবার হাত শিবিরে যোগ দিলেন হরিয়ানার হিসারের বিজেপি সাংসদ ব্রিজেন্দ্র সিং। প্রাক্তন আইএএস ব্রিজেন্দ্রের কংগ্রেস যোগ হরিয়ানার রাজনীতিতে বিজেপির জন্য বড় ধাক্কা বলে মনে করা হচ্ছে। রাজনৈতিক মতাদর্শগত সংঘাতের জেরেই দলত্যাগের সিদ্ধান্ত বলে জানিয়েছেন হিসারের সাংসদ। রবিবার সকালে নিজের অফিসিয়াল এক হ্যান্ডলে বিজেপির সঙ্গে সম্পর্ক ত্যাগ করার কথা জানান হিসারের সাংসদ ব্রিজেন্দ্র সিং। লোকসভার সংসদপদ থেকেও ইস্তফা দেন তিনি। এরপর বিকালে নয়াদিল্লিতে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাডগের বাসভবনে গিয়ে কংগ্রেসে যোগ দেন তিনি। কংগ্রেস সূত্রে খবর, লোকসভা নির্বাচনে হিসার কেন্দ্র থেকে প্রার্থী করা হতে পারে তাঁকে। হাত শিবিরে যোগদানের পর নিজের এক হ্যান্ডলে বিজেপির বিরুদ্ধে লেখেন, ‘রাজনৈতিক ও আদর্শগত মতপার্থক্যের জেরে আমি বিজেপি থেকে পদত্যাগ করে কংগ্রেসে যোগ দিয়েছি। কৃষকদের সমস্যা থেকে শুরু করে অগ্নিবীর এবং কৃষ্টিগিরদের প্রতিবাদ, অনেক বিষয়েই প্রাক্তন দলের সঙ্গে আমার মতভেদ ছিল।



দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চ : ১৯ এর বিধানসভা নির্বাচনের পুনরাবৃত্তি চান না মমতা। তাই রবিবার ব্রিগেডের জন গর্জন সভা থেকেই রাজ্যবাসীকে ৪২ এ ৪২ এর আবেদন জানালেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি বিজেপিকে বিসর্জনের ডাক দিলেন। এদিন কেন্দ্রীয় বঞ্চনার প্রতিবাদ, বিরোধীদের ‘ডাক দিয়ে লোকসভা ভোটের সূচনা করলেন মমতা। তিনি বলেন, ‘১৪ লোকসভা নির্বাচনে তৃণমূল একটা বড় অংশের সাংসদ নিয়ে গিয়েছিল। তাই সেবার রাজ্যের জন্য অনেক কিছু করছে। কিন্তু উনিশের লোকসভা তে অর্ধেক আসন চলে যায় বিজেপির খুলিতে। তাই সরকার প্রকল্পের টাকা বন্ধ। বাংলার ক্ষতি হচ্ছে। তাই ৪২ আসনে তৃণমূলের প্রার্থীদের জয় যুক্ত করে দেখাবে। রবিবার ৪২ লোকসভা তৃণমূল পথ দেখাবে। বাংলায় তৃণমূল একা লড়বে।’ অন্যদিকে

তৃণমূল কংগ্রেসের অন্যতম সারথী অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, ‘এবার ভোট জেতা-জেতানোর ভোট নয়, প্রতিবাদের ভোট, প্রতিশোধের ভোট, প্রতিরোধের ভোট। মনে রাখবেন কেন্দ্রে যে-ই ক্ষমতায় আসুক, বাংলা থেকে তৃণমূলের প্রতিনিধিদের জেতান।’ আর রাখাকা নয়, ইন্ডিয়া জোটের ‘হাত ছেড়ে একাই লড়বে তৃণমূল। ব্রিগেড থেকে স্পষ্ট করে দিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শুধু বাংলা নয়, যে ৪ ভিন্ন রাজ্যে তৃণমূল প্রার্থী দেবে, সেখানেও ‘একলাই চলবে’ ঘাসফুল শিবির। একইসঙ্গে তাঁর তাৎপর্যপূর্ণ ঘোষণা, গোটা দেশকে তৃণমূল পথ দেখাবে। রবিবার ৪২ লোকসভা আসনেই প্রার্থী ঘোষণা করে দিয়েছে তৃণমূল। ঘাসফুল যে ইন্ডিয়া জোটে থাকছে না, তা এদিন ‘সেটা জানিয়ে দিলেন তৃণমূল নেত্রী। এনিয়ে তীব্র প্রতিক্রিয়া দিয়েছে কংগ্রেস। তাদের তরফে জানানো হয়েছে, কংগ্রেস

বরাবর সম্মানজনক আসনরফা চেয়েছে। তবে কংগ্রেস চেয়েছে, দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে এই আসন ভাগাভাগির হোক, একপাক্ষিক ঘোষণার মাধ্যমে নয়। বিজেপির বিরুদ্ধে ইন্ডিয়া জোটের সংঘবদ্ধ লড়াই চেয়েছে কংগ্রেস। শুধুমাত্র বাংলায় জোট ভেঙেছে এমনটা নয়, অসম-মেঘালয়-ত্রিপুরা এবং উত্তরপ্রদেশেও তৃণমূল আলাদাভাবে লড়াই করবে। একমাত্র উত্তরপ্রদেশে একটি আসন নিয়ে অখিলেশ যাদবের সঙ্গে আলোচনা হয়েছে বলে জানানো মমতা। স্বাভাবিকভাবেই বাংলায় জোট ভাঙ্গা নিয়ে রাজনৈতিক জলযোগা শুরু হয়েছে। কংগ্রেসের তরফে বরাবরই তৃণমূল স্পষ্ট করে দিলেন তৃণমূল সুপ্রিমোর অধীর চৌধুরী। তৃণমূল সুপ্রিমোর বিরুদ্ধে যতই সূর চড়ান না কেন, হাইকমান্ড কিন্তু মুখে রুলুপ এঁটেছিল। তাদের আশা ছিল, শেষপর্যন্ত হয়তো আসনরফা হবে। সূর নরম করবে

বাংলার বাইরেও প্রার্থী দিচ্ছে ঘাসফুল শিবির

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চ : ১০ই মার্চ তৃণমূলের জনগর্জন সভা থেকে বাংলার ৪২ আসনে প্রার্থী ঘোষণা করেছে তৃণমূল। সেই প্রার্থী তালিকায় যেমন রয়েছে একাধিক চমক তেমনি বেশ কিছু পুরনো মুখে আস্থা রেখেছে মমতা বন্দ্যোপাধ্যায়ের দল। শুধু তাই নয় বাংলার বাইরেও তিনটে রাজ্যে প্রার্থী দিচ্ছে ঘাসফুল শিবির। লোকসভা নির্বাচনে যে তাঁরা কোমর বেঁধে নামছে এই বিষয়ে কোনও দ্বিমত নেই। মমতা বন্দ্যোপাধ্যায়ের এদিনই মাগধী লোকসভা নির্বাচনে তাঁরা উত্তরপ্রদেশ, অসম এবং মেঘালয়েও লড়াই করবে। প্রসঙ্গত উত্তরপ্রদেশে একটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে ঘাসফুল শিবির। অসম এবং মেঘালয়ে তৃণমূল কত আসনে প্রার্থী দেবে তা এখনও জানা যায়নি।

তালিকায় বাইরের প্রার্থী বিজেপির হাত শক্ত করছে তৃণমূল, দাবি কংগ্রেসের

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চ : ২৪-এর লোকসভা নির্বাচনে তৃণমূলের প্রার্থী তালিকায় বিস্তর চমক। সেই তালিকায় নাম রয়েছে ক্রিকেটার ইউসুফ পাঠান, কীর্তি আজাদের ও অভিনেতা শত্রু্য সিনহারা। তবে বহরমপুরে প্রার্থী করা হয়েছে ইউসুফ পাঠানকে। আর তাতেই বিজেপির হাত শক্ত করছে তৃণমূল, সোচ্চার হল কংগ্রেস। রবিবার কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় ও নিলয় প্রামাণিক বাংলার বাইরে থেকে প্রার্থী করায় ক্ষোভ উগরে দিয়ে বিজেপির হাত শক্ত করছে বলে দাবি জানান। এদিন সৌম্য বলেন, ‘‘বাংলার বাইরের

ক্যান্ডিডেট দিয়ে ভোট ভাগ করে বিজেপির হাত শক্ত করছেন আপনি আমরা জানি। গুজরাট থেকে ইউসুফ পাঠান বহরমপুরে? বাংলায় তৃণমূল নেই? রাজভবনের আপনার এবং প্রধান মন্ত্রী মিটিংয়ে যখন বলেছেন কাজের থেকে গল্প বেশি করেছি তখনই বুঝেছিলাম দিদি আপনার আর মোদীর জোট পাকা, তবুও বলছি আবার পরাজিত হবেন আপনি। শুভ নন্দন।’’ অন্যদিকে নিলয় বলেন, ‘‘বাংলা নিজের মেয়ে কে চায় বলা মমতা একজন ভূমিপুত্র পেলে না? এর আগে একজন ইন্দ্রনীল সেন গাইয়ে বাড়িয়ে খেলুড়ে এনেছেন উনি, কিন্তু কাজের লোক

কাছের লোক নেই? এটা মুর্শিদাবাদের মানুষকে অপমান, একমুর্শিদাবাদের তৃণমূল নেতা কর্মীদের অপমান, ছি দিদি ছি। এটা তো আমাদের থেকে বেশি লজ্জার মুর্শিদাবাদ জেলার তৃণমূলীদের, যারা সারা বছর রোদ জল বৃষ্টিতে খাটছে, আর মালাই খাবেন নরেন্দ্র মোদীর গুজরাটের লোক। কি দিদি !!! এখানেও কি ২৫-৭৫ !!!’’ আসলে বহরমপুর অধীরগড় নামে পরিচিত। এই এলাকার বেশির ভাগ ভোটীর সংখ্যা লম্বা সম্প্রদায় তুড়। আর সেখানে ইউসুফ পাঠান প্রার্থী হওয়ায়। সেই ভোট ব্যাংকে থাকা বসতে চলেছে।

তৃণমূলের প্রার্থী তালিকা থেকে বাদ ৭ সাংসদ, টিকিট পেলেন না অর্জুনও

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চ : তৃণমূলের প্রার্থী তালিকায় বড় চমক দেখে গেল। বাদ গেলেন পুরানো ৭ জন সাংসদ। নুসরত জাহান, মিমির মতো তারকা সাংসদ পেলেন না টিকিট। এই প্রথমবার তৃণমূলের হয়ে ভোট লড়ছেন না অধিকারী পরিবারের কেউ। আবার বাক্যপূর শিল্পাঞ্চলেও অর্জুন সিংয়ের উপর আস্থা রাখতে পারল না ঘাসফুল শিবির। সব মিলিয়ে ৪২ আসনে ২৬ জনই নতুন মুখ। তার মধ্যে ১০ জন একেবারেই আনকোরা, ১১ জন বিধায়ক। এবং বাকি ৫ জন বিজেপি থেকে তৃণমূলে ফিরে পেলেন লোকসভা ভোটের টিকিট। একুশের বিধানসভা নির্বাচনের আগে দলবদল করেন শুভেংদু

অধিকারী। অমিত শাহর সামনে যোগ দেন বিজেপিতে। বর্তমানে নন্দীগ্রাম বিধানসভার বিধায়ক তিনি। রাজ্যের বিরোধী দলনেতা। বলা চলে শুভেন্দুর দলবদলের পর থেকেই অধিকারী পরিবারে উলটো স্রোত। সাংসদ হওয়া সত্ত্বেও তৃণমূলের বিরুদ্ধে মুখ খুলতে দেখা গিয়েছে শিশির অধিকারী এবং দিব্যোদুকে। তাই অধিকারী পরিবারের কেউ যে ভোটের টিকিট পাচ্ছেন না, তা এককথায় নিশ্চিতই ছিল। আর রবিবারীয় ব্রিগেডের মঞ্চ থেকে ৪২ আসনে প্রার্থী তালিকা ঘোষণার পর সেই গুঞ্জনেই শিলমোহর। তমলুক লোকসভা আসনে শিলিরের পরিবর্তে দেবাংশু ভট্টাচার্যভেই আস্থা রেখেছে ঘাসফুল

শিবির। দিব্যোদুর লোকসভা কেন্দ্র কাথিতে তৃণমূলের চর্কিশের সৈনিক উত্তম বারিকা সূত্রাং, এই প্রথমবার

কারণ, বার বার যেমন বিতর্কে জড়িয়েছেন আবার তেমনই সাধারণ মানুষেরও তাঁর বিরুদ্ধে



লোকসভা নির্বাচনে তৃণমূলের হয়ে ভোট লড়ছেন না অধিকারী পরিবারের কেউ। আবার মেদিনীপুর থেকে বাদ গিয়েছেন মানস ভূঁইয়াও।

ক্ষোভবিক্ষোভের শেষ নেই। এদিকে, বারাকপুরে বিজেপি থেকে ফেরা অর্জুন সিং পেলেন না টিকিট। দলে প্রত্যাবর্তনের সুযোগ পেলেও তিনি

যে তৃণমূলে তাঁর পুরনো স্থান ফিরে পাননি তা এককথায় স্পষ্ট। টিকিট পেলেন না দিলেন বিবেদীণা। সাংসদ থাকা সত্ত্বেও টিকিট না পাওয়ার তালিকায় রয়েছেন মিমি চক্রবর্তী, নুসরত জাহানের মতো দুই তারকা। মিমি সম্প্রতি সাংসদ পদ থেকে ইস্তফা দেন। রাজনীতি থেকে সরে দাঁড়ানোর ইচ্ছাপ্রকাশ করেন। মমতা তাঁর ইচ্ছাপত্র গ্রহণ করেননি টিকিট। তবে চর্কিশের যুদ্ধে আস্থাও রাখেননি। মিমির পরিবর্তে যাদবপুর লোকসভা কেন্দ্রে যুবনেত্রী সায়নী ঘোষকে বেছে নিয়েছে দল। সায়নীর লোকসভা কেন্দ্রে হুগলিতে আসন নিয়েছে, তেমনই আবার দমক সংগঠকও। অপর তারকা সাংসদ মিমির নুসরত জাহান যে টিকিট পাচ্ছেন না তা

আগেই জানা ছিল। রাজনৈতিক মহলের মতে, নুসরত গত লোকসভা নির্বাচনে বিপুল ভোটে জিতলেও জনপ্রতিনিধি হয়ে উঠতে পারেননি। তাই নিজের সংসদীয় এলাকায় তেমন কোনও কাজ করেননি, অন্ততপক্ষে স্থানীয় বাসিন্দাদের ইচ্ছা দেন। রাজনীতি থেকে সরে আসার দাবি সেরকই। সম্প্রতি সন্দেখালি কাঙের পরেও নিজের সংসদীয় এলাকায় দেখা যায়নি তাঁকে। পরিবর্তে সোশাল মিডিয়ায় বেশি সক্রিয়। তাই আর টিকিট পাননি নুসরত। তাঁর পরিবর্তে ভূমিপুত্র হাজি নুরুল ইসলামের উপর ভরসা রাখলেন। মিমির পরিবর্তে যাদবপুর লোকসভা কেন্দ্রে হুগলিতে আসন নিয়েছে, তেমনই আবার দমক সংগঠকও। অপর তারকা সাংসদ মিমির নুসরত জাহান যে টিকিট পাচ্ছেন না তা

‘আমি অন্য মাটিতে গড়া’ ‘মোদী গ্যারান্টি’ দিয়ে বিরোধীদের তোপ প্রধানমন্ত্রীর

আজমগড়, ১০ মার্চ : ভোটের আগে মানুষকে ভুল বোঝাতে অন্য সরকারগুলো প্রচুর প্রতিশ্রুতি দেয়। কিন্তু মোদি অন্য মাটি দিয়ে তৈরি। লোকসভার আগে উত্তরপ্রদেশে দাঁড়িয়ে এই কথা বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নির্বাচনের আগে পশ্চিমবঙ্গে এসে বিশাল অক্ষের প্রকল্প ঘোষণা ও উদ্বোধন করেছিলেন মোদী। রবিবারও উত্তরপ্রদেশের আজমগড়েও বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের ঘোষণা করেন। তার পরেই বিরোধীদের তোপ দেগে তাঁকে বলতে শোনা যায়, ভোটের কথা ভেবে নয়, দেশের উন্নতির জন্যই এই প্রকল্পগুলোর ঘোষণা হচ্ছে। কারণ ২০৪৭এর মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার স্বপ্ন রয়েছে প্রধানমন্ত্রী। সেই সঙ্গে মোদী গ্যারান্টি দিয়ে তাঁর দাবি, অন্য দলগুলোর মতো ফ্রেম প্রতিশ্রুতি দিয়ে চলে যাবেন না তিনি। আজমগড়ে দাঁড়িয়ে মোদীর বক্তব্য, আগের সরকারগুলো ভোটের আগে ভুলো প্রতিশ্রুতি দিত। আমি দেশেছি ৩০-৩৫ বছরের পুরনো ঘোষণাগুলো এখনও বাস্তবায়িত হয়নি। ভোটের আগে প্রতিশ্রুতি দিয়ে নেতারা ভানিশ হয়ে যেতেন। কিন্তু মোদী অন্য মাটি দিয়ে তৈরি। ২০১৯ সালে আমরা যা প্রতিশ্রুতি দিয়েছি সেগুলোও উত্তোলন হয়েছে। শুধু ভোটের কথা মাথায় রেখে আমরা কোনও ঘোষণা করিনি। ২০২৪য়েও এই ঘোষণাগুলোকে ভোটের নিরিখে দেখবেন না। এটা আমার উন্নয়নের যাত্রা। কারণ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে আমাদের বা লাফ দিতে হবে। সেই সঙ্গে মোদীর দাবি, উত্তরপ্রদেশে উন্নয়নের জোয়ারের সামনে ফিকে হয়ে আছে যে তাষগের বিঘাত রাজনীতি। সেই জন্যই স্কেপে উঠেছে পরিবারবাদী দলগুলো, প্রতিদিন তোপ দাগছে প্রধানমন্ত্রীকে। মোদীর কথায়, ওরা বলে মোদীর তো কোনও পরিবার নেই। কিন্তু ভুলে যায়, গোটা দেশের ১৪০ কোটি মানুষই মোদীর পরিবার। নির্বাচনের আগে মোদীর নেতৃত্বকে খাটো করে দেখানোর চেষ্টা চলছে বলেও তোপ দাগেন প্রধানমন্ত্রী।



কড়া ভাষায় মমতাকে আক্রমণ শুভেন্দু অধিকারীর

দুরন্ত বার্তা, সন্দেখখালি, ১০ মার্চ : ২০২৪ লোকসভা নির্বাচনে তৃণমূলের জনগর্জন সভাকে লক্ষ্য করেছে সন্দেখখালিকে পাখির চোখ করে আজ রবিবার সেখানে সভার আয়জন করেছে বঙ্গ বিজেপি। সেই সভায় উপস্থিত থেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মমতার জনগর্জন ব্রিগেড সমাবেশকে চরম আক্রমণ করেন। মঞ্চ থেকে তিনি প্রথমেই বলেন সময় হয়েছে সন্দেখখালি থেকে হিসাব বুঝে নেওয়ার ও শাহজাহানের সাগরেদদের জেলে ভরার। এদিন ব্রিগেড থেকে তিনি বলেন দিদি না না এখন আবার পিসি এমন আর আপনি একা ফুটেজ খাবেন না। আপনি যেখানেই যাবেন আমরা দুই ভাই(শুভেন্দু অধিকারী ও সুকান্ত মজুমদার) আপনাকে তাড়া করে বেড়াই। সাথে ভাইপোকে প্যাকেট করব। আর আপনাকে উখাত করব। উত্তর ২৪ পরগনার ব্রিগেডের পর সাংবাদিকদের তিনি বলেন বাংলায় হিন্দুদের জাগরণের দৃশ্য দেখে আগামী রামনবমীতে সমগ্র রাজ্যভূয়ে ছুটি দিতে বাধ্য হয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এর পাশাপাশি তিনি বলেন তৃণমূলের প্রার্থীদের কোম্পানির কর্মচারী বলে বিক্রপ করেন। সাথে বলেন এই সমস্ত কর্মচারীদের দাড় করিয়ে কোন লাভ হবে না। তৃণমূলের প্রার্থী তালিকা দেখে তিনি ভয় না পাওয়ার কথাই বলেছেন আজ। সাথে কোম্পানির নিয়ন্ত্রণ ব্যাপার বলেই উল্লেখ করেছেন। প্রসঙ্গত তৃণমূল সুপ্রিমোর পরিবর্তে অভিষেক ব্যানার্জির প্রার্থীতালিকা ঘোষণা করায় শুভেন্দু বলেন কটন পরিশ্রম করে নিদ্রাপ্রাণে লড়ে আমরা ওনাকে মুখ্যমন্ত্রী করেছি। এর পরবর্তী সময় উনি দিল্লি থেকে আলালের দুলাল চোরকে দলে এনেছে।

শাহজাহানের ৪ দিনের সিবিআই হেফাজত

উ ২৪পরগনা, ১০ মার্চ : রবিবার শেখ শাহজাহানের হেফাজতের মেয়াদ শেষ হওয়ায় ফের তাঁকে বেশিরহাট আদালতে তোলা হয়। সকালেই সন্দেখখালির তৃণমূল নেতা শেখ শাহজাহানকে নিয়ে বারিশহাট পৌঁছে যায় সিবিআইয়ের টিম। ফের তাঁকে আদালতে তোল হলে বিচারক শেখ শাহজাহানকে ৪ দিন সিবিআই হেফাজতের নির্দেশ দেন। এদিন শাহজাহান মামলার শুনানি হয় বঙ্গ এজলাসে। সংবাদ মাধ্যমকে আটকে দেওয়া হয় কোর্টরুমের বাইরে। আদালত সূত্রে খবর, শেখ শাহজাহানের আইনজীবী তাঁর জামিনের আবেদন করেন বিচারকের কাছে। পাষ্টা নিজেদের হেফাজতে তাঁকে পেতে চান গোয়েন্দারা। এদিন শুনানির সময় শাহজাহানের আইনজীবীর তাঁর জামিনের আবেদন করেন বিচারকের কাছে। অপরদিকে, সিবিআই-এর আইনজীবী জানান, শাহজাহানের মোবাইল ফোন দু’টি এখনও মেলেনি, তদন্তের স্বার্থে প্রমাণ জোগাড় করা প্রয়োজন। এরপরই বিচারকের কাছে শাহজাহানের চারদিনের হেফাজত প্রার্থনা করেন এজেন্সির আইনজীবী। সেই আবেদন মঞ্জুর করেন বিচারক। আদালতে শাহজাহানের আইনজীবী রাজা ভৌমিক বলেন, ‘‘অজ শুনানি ছিল। ওরা ৮ এবং ৯ দুটোতেই পিসি চেয়েছিল। যেহেতু আজ কেস নম্বর নম্বরের শুনানি ছিল তাই জন্য চারদিনের হেফাজত দেওয়া হয়েছে। আগামী ১৪ তারিখ ফের শুনানি।’’

মধ্যপ্রদেশে ভাঙুন ধরল কংগ্রেসে

ভোপাল, ১০ মার্চ : লোকসভা নির্বাচনের দিন যত এগিয়ে আসছে, কংগ্রেসের অবস্থা ততই যেন খারাপ হচ্ছে! এবার মধ্যপ্রদেশে ভাঙুন ধরল কংগ্রেসে। শনিবার হাত ছেড়ে বিজেপিতে যোগ দিয়েছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ পাটেলি-সহ বেশ কয়েকজন কংগ্রেস নেতা। এদিন বিজেপিতে যোগ দিয়েছেন সঞ্জয় শুল্লাও। ভোপালে বিজেপির দলীয় কার্যালয়ে সবাই পদ্ম শিবিরে যোগ দিয়েছেন। সুরেশ, সঞ্জয় এবং অন্যান্যদের বিজেপিতে স্বাগত জানিয়েছেন মুখ্যমন্ত্রী মোহন যাদব, প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, বিজেপি সভাপতি ডি ডি শর্মা ও মন্ত্রী কেলশ বিজয়বর্গীয়া। মুখ্যমন্ত্রী মোহন যাদব এদিন বলেছেন, রাহুল আগে আগে যাচ্ছেন, পিছনে পিছনে কংগ্রেস পরিষ্কার হয়ে যাচ্ছে। শিবরাজ সিং চৌহান বলেছেন, কংগ্রেসকে শেষ করার পরই রাহুল গান্ধী হাফ ছাড়বেন। কংগ্রেস নেতৃত্ব হতাশ সমস্ত বড় নেতা। কংগ্রেস বিলুপ্তির পথে। কেলশ বিজয়বর্গীয়া বলেছেন, ন্যায় যাত্রা বের করছেন রাহুল গান্ধী। কংগ্রেসের সমস্ত নেতা-কর্মীরাও বুঝতে পারছেন, যদি কেউ দেশের সঙ্গে ন্যায়বিচার করে থাকেন তবে তিনি হলেন প্রধানমন্ত্রী মোদী। তাই অনেকেই বিজেপিতে যোগ দিচ্ছেন।

বিশ্ব শান্তির উদ্দেশ্যে শোভাযাত্রা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১০ মার্চ : বিশ্ব শান্তির উদ্দেশ্যে প্রজাপিতা ব্রন্কা কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয়, ধূপগুড়ি শাখার উদ্যোগে একটি শোভাযাত্রা। জলপাইগুড়ি। প্রজাপিতা ব্রন্কা কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয় ধূপগুড়ি শাখার পক্ষ থেকে আজ ৮-৮তম মহা শিবরাত্রি স্মরণে এবং বিশ্ব শান্তির জন্য একটি বিশাল শোভাযাত্রার আয়োজন করা হয়। সকাল ১১.৫০ নাগাদ ধূপগুড়ি পৌরসভার অফিস সংলগ্ন এলাকা থেকে মিছিল শুরু হয়। পর্তাকা উত্তোলনের পাশাপাশি দুপুর দেড়টায় ব্রন্কা ভজন অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। প্রজাপিতা ব্রন্কা কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয়ের সদস্যরা জানান, বিশ্ব শান্তি কামনায় ধূপগুড়িসীকে আমন্ত্রণ জানিয়ে প্রজাপিত ব্রন্কা কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয়ের ধূপগুড়ি শাখার পক্ষ থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ধূপকাঠি তৈরীর কারখানায় বিধ্বংসী আগুন

দুরন্ত বার্তা, ফুলবাড়ি, ১০ মার্চ : ফুলবাড়ির একটি ধূপকাঠি তৈরীর কারখানায় বিধ্বংসী আগুন। আগুনে পড়ে ছাই কারখানায় ধূপকাঠি তৈরির মেশিনপত্র সহ ধূপকাঠি তৈরী যাবতীয় সামগ্রী রবিবার দুপুর নাগাদ ঘটনাটি করেছে ফুলবাড়ী ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের চতুরাগজ এলাকার একটি ধূপকাঠি তৈরির কারখানায় খবর পেয়ে ঘটনাস্থলে শিলিগুড়ি ও ফুলবাড়ি থেকে দমকলের দুটি ইঞ্জিন পৌঁছে যুদ্ধকালীন তপরতায় প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে তেঁকাটি কারখানার মালিক জানায় কারখানাটি তিন মাস যাবত বন্ধ ছিল আজ হঠাৎ এই দুপুর নাগাদ কারখানায় আগুন লাগার খবর পেয়ে ছুটে আসি তিনি জানান কারখানার ভিতর থেকে আগুন লাগেনি, পাশের একটি ফাঁকা জমিতে আগুন জ্বলছিল সেই আগুন কারখানার ভেতরে ঢুকে যায়।

পড়ে থাকা শিব সেনার প্রধান’, উদ্ধবকে কংগ্রেস নেতার খোঁচায় মহারাষ্ট্রে মহাজোটে অস্বস্তি

মুম্বই ১০ মার্চ : যে কোনও দিনই লোকসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হতে পারে। কিন্তু এহেন পরিস্থিতিতে মহারাষ্ট্রে আগেছালো দেখাচ্ছে ইন্ডিয়া জোটকে। কংগ্রেস, শিব সেনার উদ্ধব শিবির ও এনসিপির শরদ পওয়ার শিবির একজেট হয়ে নির্বাচনে লড়বে বলে স্থির হয়েছে। কিন্তু সেই মহা বিকাশ আঘাডি অস্বস্তিতে পড়ল এক কংগ্রেস নেতার মন্তব্যে। জোটসঙ্গী দলের প্রধান উদ্ধবকে ‘পড়ে থাকা শিব সেনার প্রধান’ বলে খোঁচা দিলেন তিনি। আর এর পরই বিতর্ক তুঙ্গে। মহারাষ্ট্রের কংগ্রেস নেতা সঞ্জয় নিরুপম উদ্ধবকে ‘বাঁচি কুচি শিব সেনা কে প্রমুখ’ বলে কটাক্ষ করেছেন। কিন্তু কেন? আসলে এই অসন্তোষের পিছনে রয়েছে উদ্ধবের একটি ঘোষণা। উত্তর-পশ্চিম মুম্বই লোকসভা কেন্দ্রের প্রার্থী হিসেবে



আগেই প্রবীণ শিব সেনা নেতার এই ঘোষণাতেই চটেছে মহারাষ্ট্রের হাত শিবির। শোনা যাচ্ছে, সঞ্জয় নিজে ওই আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করতে চান। আর সেই কারণেই এই ঘোষণায় ক্ষুব্ধ হয়ে তিনি এমন মন্তব্য

করেছেন। এক্ষ হ্যান্ডলে একটি পোস্টে তাঁকে লিখতে দেখা যায়, ‘কাল পড়ে থাকা



শিব সেনার প্রধান আন্ধেরিতে উত্তর-পশ্চিম লোকসভায় প্রার্থীর নাম ঘোষণা করে দিয়েছেন। কাল থেকে ফোন এসেই চলেছে। এটা কী করে হতে পারে? মহা বিকাশ আঘাড়ির দুই ডজন বৈঠকের পরও

উত্তরপ্রদেশের জৌনপুরে সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ৬ জনের মৃত্যু, আহত ৬

নয়াদিল্লি, ১০ মার্চ : উত্তরপ্রদেশের জৌনপুরে একটি সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ৬ জনের মৃত্যু হয়েছে। শনিবার গভীর রাতে উত্তরপ্রদেশের জৌনপুর জেলার শৌর্যাবাদশহুরের থানা সংলগ্ন আজমগড়-জৌনপুর সড়কে একটি গাড়ি এবং একটি ট্রাকের সংঘর্ষে দুর্ঘটনাটি ঘটেছে। এই দুর্ঘটনায় একই পরিবারের ৬ জনের মৃত্যু হয়েছে এবং ৬জন আহত হয়েছেন। নিহতরা হলেন, গজাধর শর্মা (৬০), অনীশ (৩৫), জওহর শর্মা (৫৫), সৌতম শর্মা (১৮), সোনাম (৩২) এবং পবন শর্মা। আহতদের উন্নত চিকিৎসার জন্য বারাণসী ট্রমা সেন্টারে স্থানান্তরিত করা হয়েছে। তাঁরা সবাই একই

গুজরাটের মোরবিতে ভেঙে পড়ল নির্মীয়মান মেডিকেল কলেজ ভবনের স্ল্যাব, আহত ৪ জন কর্মী

মোরবি, ১০ মার্চ : গুজরাটের দমকল অফিসার দেবেন্দ্র সিং মোরবিতে নির্মীয়মান মেডিকেল



কলেজ ভবনের একাংশ ভেঙে আহত হয়েছেন ৪ জন। আহতরা সবাই নির্মাণ কর্মী। শুক্রবার রাতে এই ঘটনাটি ঘটেছে। মোরবির

নির্মাণ করা হচ্ছে, ভেঙে পড়েছে। আমাদের টিম ঘটনাস্থলে পৌঁছে ৪ জনকে উদ্ধার করে। একজন তখনও আটকে পড়েছিলেন, শুধুমাত্র তাঁর মুখ দেখা যাচ্ছিল এবং তাঁর পুরো শরীরটি স্ল্যাব এবং কংক্রিটের মধ্যে আটকে ছিল। শনিবার ভোররাত তিনটে নাগাদ আমরা তাঁকে উদ্ধার করি এবং হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এ বিষয়ে বিজেপি বিধায়ক দুর্লভভিজাইই দেখাখিয়া বলেছেন, মোরবিতে সরকারি মেডিকেল কলেজের নির্মাণকাজ চলছে, একটি স্ল্যাব যা ভরাট করা হচ্ছিল তা ভেঙে পড়েছে...এটি একটি দুর্ভাগ্যজনক ঘটনা। এর জন্য দায়ী যেই হোক না কেন তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য সরকারকে অনুরোধ করব, সেই ঠিকাদার অথবা আধিকারিক হোক না কেন।

ঘরে-বাইরে গণতন্ত্র আক্রমণের মুখে : বাইডেন

১০ মার্চ : ঘরে-বাইরে গণতন্ত্র আক্রমণের মুখে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেণ্ট জো বাইডেন।মার্কিন প্রেসিডেন্টের বার্ষিক ‘ অব দ্য ইউনিয়ন’ ভাষণে বাইডেন এই মন্তব্য করেন।যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বৃহস্পতিবার মার্কিন কংগ্রেসের সৌ্থ অধিবেশনে বাইডেন এই ভাষণ দেন। বাইডেন তৃতীয়বারের মতো এই ভাষণ দিলেন।বাইডেন তাঁর ভাষণে ভায়েন, দেশে, দেশের বাইরে স্বাধীনতা ও গণতন্ত্র আক্রমণের মুখে রয়েছে।যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির মনোনয়নপ্রত্যাশী দেনাল্ড ট্রাম্পের সাম্ভবিক এক মন্তব্যের কাা সমালোচনা করেন বাইডেন।সাবেক মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প বলেছিলেন, যুক্তরাষ্ট্রের নেতৃত্বধীন সামরিক জোট ন্যাটোর চাঁদা দিতে বার্থ সদস্যদেশে

যুক্তরাষ্ট্র দূরে চলে যায়, তাহলে ইউরোপ কৃষিতে পাবে।বাইডেন বলেন, ‘ সরে যাব না।’মার্কিন প্রেসিডেন্ট বলেন, রুশ প্রেসিডেন্ট জ্লাভিমির পুটিন অগ্রসর হচ্ছেন। আরও সহায়তা পাওয়ার মাধ্যমে ইউক্রেন নিজেকে রক্ষা করতে পারে।

বাইডেন তাঁর ভাষণে ২০২১ সালের ৬ জানুয়ারি কংগ্রেস ভবনে (ক্যাপিটল হিল) দাঙ্গার প্রসঙ্গ টানেন। তিনি বলেন, আমেরিকার রাজনৈতিক সহিসংতার কোনো স্থান নেই।বাইডেনে মার্কিন আইনগণ্ডেতাঁদের এক হতে বলেন। যুক্তরাষ্ট্রের গণতন্ত্রকে রক্ষা করতে বলেন।যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে বাইডেনের সম্ভাব্য প্রতিপক্ষ ট্রাম্প। বাইডেন তাঁর ভাষণে নানাভাবে ট্রাম্পকে আক্রমণ করেন। তাঁর সমালোচনা করেন।



বাইডেন। বাইডেন ন্যাটো ও ইউরোপীয় নিরাপত্তার প্রতি অব্যাহত অঙ্গীকারের প্রস্তিম্ভিত দিয়েছেন। তিনি বলেছেন, যদি ইউক্রেন থেকে

চিঠি তুলে দিয়েছি। পাশাপাশি আবের মায়ের প্রয়াণে সমবেদনা জানিয়েছেন মোদি। সেই শোকবার্তাও আকিয়ে আনেকে



দিয়েছি’ উল্লেখ্য, ২০২২ সালের জুলাই মাসে পশ্চিম জাপানের নারা শহরে একটি অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় আচমকাই আবের উপরে গুলি চালিয়েছিল এক আততায়ী। ঘটনায় প্রাণ হারিয়েছিলেন জাপানের

লাল ফৌজ। বিগত কয়েকমাসে সাগরে গতিবিধি ব্যায়েছে চিনা বিশ্লেষকদের মতে, এই সফরে বেজিংয়ের রুখতে কৌশলগত দিক থেকে নানা আলোচনা হতে পারে দুদেশের মধ্যে। কৌশলগত দিক থেকে আবে অত্যন্ত দূরদৃষ্টিসম্পন্ন ছিলেন বলেই মনে করেন বিশেষজ্ঞরা। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আমেরিকা, অস্ট্রেলিয়া ও ভারতকে নিয়ে ‘কোয়ড’ চতুর্দেশীয় অক্ষ তৈরির পরিকল্পনা ছিল আবের মস্তিষ্কপ্রসূত। ২০০৬-০৭-এ প্রধানমন্ত্রী থাকাকালীন ফিলিপিনের রাজধানী ম্যানিলায় কোয়ড তৈরির উদ্দেশ্যে প্রথম বৈঠক করেন আবে। তারপর ক’রেট গিয়েছে বেশ কয়েক বছর। স্করুর দিকে আবের ‘ উদ্ব্গণ’-কে ততটা গুরুত্ব না দিলেও ধীরে ধীরে আমেরিকা বুঝতে পারে যে সাগর পারে ‘ দেতা’ ক্রমে জগে উঠছে। তার পর থেকেই বেজিংয়ের ‘গা জোয়ায়ী’ রুখতে নানা পদক্ষেপ করেছে জোট বলে জানতে পারা গিয়েছে।

হাতে ত্রিশূল, ফুলমালায় ঢাকা মুখ, বারাণসীতে অন্য অবতারে প্রধানমন্ত্রী



এখনও পর্যন্ত আসনরফা হয়ে চূড়ান্ত হয়ে ওঠেনি। যে ৮-৯টা আসন নিয়ে আলোচনা চলছে এখনও, তার মধ্যে এই আসনও রয়েছে। তাহলে শিব সেনার তরফে এমন ঘোষণা জোটধর্মের পরিপন্থী নয় কি?’ কেবল তাই নয়, অমল কীর্তিকারের বিরুদ্ধে ‘ কেলেক্কারি’র অভিযোগ তুলছে কংগ্রেস। তাঁদের অভিযোগ, কোভিড কালে পরিযায়ী শ্রমিকদের খাদ্য বিলির টাকা আত্মসা করেছেন অমল। প্রসঙ্গত, এই মুহূর্ত উত্তর-পশ্চিম মুম্বই লোকসভার সাংসদ অমল কীর্তিকারের বাবা গজানন কীর্তিকার। কিন্তু তাঁর পরিবর্তে এবার

বিহার থেকে লালু প্রসাদের ঘনিষ্ঠ সহযোগী গ্রেফতার

নয়াদিল্লি, ১০ মার্চ : আরজেডি প্রধান লালু প্রসাদের ঘনিষ্ঠ সহযোগী সুভাষ যাদবকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডায়রেক্টরেট (ইডি)। বেআইনি বালি খনন কার্যকলাপের অভিযোগে শনিবার গভীর রাতে সুভাষ যাদবকে গ্রেফতার করেছে ইন্ডির আধিকারিকরা। রবিবার তাকে আদালতে হাজির করে বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে। আরজেডি নেতা লালু প্রসাদ যাদবের সঙ্গে যুক্ত স্থানে ১৪ ঘণ্টা ধরে ইন্ডির আধিকারিকরা অভিযান চালায়। মূলত বিহারের পাটনার ৮টি স্থানে অভিযান চালানোর পরই লালু প্রসাদের ঘনিষ্ঠ সহযোগী সুভাষ যাদবকে শনিবার গভীর রাতে গ্রেফতার করা হয়। ইডি সূত্রে আরও জানা গিয়েছে যে, শনিবার সকালে ইন্ডির আধিকারিকরা পাটনার দানাপুর এলাকায় সুভাষের বাড়িতে তাঁকে বহুক্ষণ জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতেই সুভাষকে গ্রেফতার করা হয়।

৪০ ফুট গর্তে পড়ল শিশু!

১০ মার্চ : ৪০ ফুট গভীর কুয়ায়ে পড়ে গেল এক শিশু। রবিবার ভোরে দিল্লির কেশপুর মান্ডি এলাকায় এই ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। তাকে উদ্ধারে চেষ্টা চলছে। কিন্তু শেষ খবর পাওয়া পর্যন্ত তাকে উদ্ধার করা সম্ভব হয়নি। ঘটনাস্থলে যুদ্ধকালীন তপরতায় উদ্ধারকাজ শুরু করেছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী। ঘটনাস্থলে উপস্থিত রয়েছে পুলিশ ও দমকলও। জানা যাচ্ছে, দিল্লি জল বোর্ডের জল শোধনাগারের গর্তে ওই শিশুটি পড়ে যায়। খবর ছড়িয়ে পড়তেই দ্রুত ঘটনাস্থলে হাজির হয় পুলিশ। ইতিমধ্যেই পাঁচটি ইঞ্জিন হাজির হয়েছে ঘটনাস্থলে। আপাতত চেষ্টা করা হচ্ছে, ওই গর্তের সমান্তরালে আরও একটি গর্ত খোঁড়ার। তার পর সেই গর্তের মধ্যে ঢুকে সেখান দিয়েই শিশুটিকে বের করে আনাই লক্ষ্য উদ্ধারকারীদের। তবে কাজটি যে সময়সাপেক্ষ, একবা জানাচ্ছেন ঘটনাস্থলে উপস্থিত পুলিশ আধিকারিক। প্রসঙ্গত, গত মাসেই গুজরাটে টিস পদপ্রার্থী দুর্ঘটনা ঘটেছিল। ২ বছরের একটি ছলে জমনগরের এক রাস্তায় ফোঁড়া গর্তে পড়ে গিয়েছিল।

শালিমার-মালতিপাতপুর (পুরি)- শালিমারের মধ্যে হোলি বিশেষ ট্রেন

কলকাতা, ১০ মার্চ : হোলি উৎসবের সময় যাত্রীদের অতিরিক্ত ভিড়ের কথা মাথায় রেখে, দক্ষিণ পূর্ব রেলওয়ে শালিমার-মালতিপাতপুর (পুরি)-শালিমারের মধ্যে ২৪.০৩.২০২৪ তারিখে শালিমার ছেড়ে ২৫.০৩.২০২৪ তারিখে মালতিপাতপুর ছেড়ে যাওয়ার মধ্যে একটি জোড়া হোলি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছেঃ ০২৬০১শালিমার-মালতিপাতপুর হোলি স্পেশালটি ২৪.০৩.২০২৪ তারিখে ২১.২৫ ঘটিকায় শালিমার থেকে ছেড়ে যাবে এবং পরের দিন ০৫.৫০ টায় মালতিপাতপুরে পৌঁছাবে। ফেরার পথে, ০২৬৪০ মালতিপতপুর-শালিমার হোলি স্পেশালটি ২৫.০৩.২০২৪ তারিখে ২৩.৫০ মিনিটে মালতীপতপুর ছেড়ে যাবে এবং পরের দিন ০৮.৫০ মিনিটে শালিমার পৌঁছাবে। বিশেষ ট্রেনটির যাত্রাপথে সান্তরাগাছি, খড়গপুর, বালেশ্বর, ভদ্রক, জাজপুর কেওনবার রোড, কটক, ভুবনেশ্বর এবং খুরদা রোডে স্টপেজ থাকবে।

১২ মার্চ ঝাড়খণ্ড পাচ্ছে আরও একটি বন্দে ভারত এক্সপ্রেস

রাঁচি, ১০ মার্চ : আগামী ১২ মার্চ আরও একটি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন উপহার পেতে চলেছে ঝাড়খণ্ড, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডায়ালি ওই ট্রেনটি উদ্বোধন করবেন। ট্রেনটি চলবে উত্তর প্রদেশের বারাণসী পর্যন্ত। রাঁচি রেল ডিভিশনের ডিআরএম জসভটি সিং বিজ়া বলেছেন, রাঁচি-বারাণসী বন্দে ভারত এক্সপ্রেসে আটটি যোারকার কোচ থাকবে। ঝাড়খণ্ড, বিহার ও ওড়িশার রেল যাত্রীরা এই ট্রেন থেকে সবচেয়ে বেশি সুবিধা পাবেন। এই ট্রেনটি রাঁচি-লোহারপালা-টেরি, ডাল্টনগঞ্জ, পাড়োয়া রোড, গয়া এবং পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় স্টেশন হয়ে বারাণসী পৌঁছবে। এটি বোকারো স্টিল সিটি, হাজারীগাং, কোডারমা এবং গয়া জংশনের মধ্য দিয়ে যাবে। তিনি বলেছেন, এই ট্রেনটি রাঁচি থেকে সকাল ৫.৫০ মিনিটে ছাড়বে এবং ১২.১০ মিনিটে বারাণসীতে পৌঁছবে। এরপর বারাণসী থেকে ১.৩০ মিনিটে ছেড়ে রাঁচিতে পৌঁছবে সন্ধ্যা ৭.৫০ মিনিটে। রাঁচি থেকে বারাণসী যেতে সময় লাগবে সাড়ে ছয় ঘণ্টা। রাঁচি-বারাণসীর মধ্যে ভাড়া ১৩৯০ থেকে ২৬০০ টকার মধ্যে।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী ট্রাম্পই

ওয়াশিংটন, ১০ মার্চ : প্রেসিডেন্ট পদপ্রার্থী নির্বাচনে অপ্রতিদ্বন্দ্বী ডোনাল্ড ট্রাম্প। দীর্ঘ লড়াইয়ের পরে বুধবার নির্বাচনী লড়াই থেকে নাম প্রত্যাহার করে নিলেন ভারতীয় বংশোদ্ভূত নিকি হ্যালাি। ফলে নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকানদের হয়ে লড়বেন ট্রাম্পই, সেটাও কার্যত নিশ্চিত হয়ে গেল। প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী হওয়ার দৌড়ে শুরু থেকেই কয়েক মাইল এগিয়ে ছিলেন ট্রাম্প। পদপ্রার্থী হওয়ার লড়াই থেকে নাম প্রত্যাহার করে নেন একের পর এক প্রার্থী। তবে বারবার শোশানীয় পরাজয়ের পরও মাটি কামড়ে পড়ে ছিলেন নিকি হ্যালাি। গত রবিবারই প্রথমবার জয়ের মুখ দেখেছিলেন তিনি। ওয়াশিংটনে রিপাবলিকান প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসাবে ভারতীয় বংশোদ্ভূত নিকিকে বেছে নিয়েছেন ৬৬ শতাংশ ভোটার। প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসাবে প্রথমবার জিতে তোপ দেগেছিলেন প্রতিপক্ষ

ট্রাম্পকে। তবে ছবিটা পালটে যায় মাত্র তিনদিনের মধ্যে। সুপার টিউসডে অর্থাৎ মঙ্গলবার একসঙ্গে আমেরিকার ১৫টি প্রদেশে ভোট হয়।



সেখানে মাত্র একটি প্রদেশ জেতেন নিকি। তার পরেই ইন্দো-মার্কিন রাজনীতিবিদ জানিয়ে দেন, প্রেসিডেন্ট পদপ্রার্থী হওয়ার দৌড় থেকে নাম প্রত্যাহার করে নিচ্ছেন তিনি।মার্কিন জনতার সমর্থনের জন্য ধন্যবাদও জানান। নিকির এই সিদ্ধান্তের পরেই কার্যত স্পষ্ট হয়ে যায় যে রিপাবলিকান পদপ্রার্থী হচ্ছেন ট্রাম্পই। তবে অন্য প্রার্থীদের মতো

লড়াই থেকে সরে দাঁড়িয়ে ট্রাম্পের হয়ে গলা ফটাননি নিকি। নাম প্রত্যাহারের সিদ্ধান্ত জানিয়ে তার ঘোষণা, আমার দলের ভোট যেন



ট্রাম্পের পক্ষে পড়ে, সেটা প্রাক্তন মার্কিন প্রেসিডেন্টেই নিশ্চিত করতে হবে। যারা তাঁকে সমর্থন করেননি, সেই ভোটে টানতে হবে। তবে আগামী নির্বাচনে মার্কিন জনতা যেন ট্রাম্পকেই ভোট দেন, সেই আবেদন করেননি নিকি। তবে নভেম্বরে ফের বাইডেন বনাম ট্রাম্প লড়াই দেখা যাবে, সেই সম্ভাবনাই প্রবল।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
আজ ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ, রবিবার, ইংরেজি ১০ মার্চ ২০২৪, ৫৩৭ চৈতমাব্দ, কলি ৫১২৪, সৌর ২৭ ফাল্গুন, চান্দ্র ৩০ গোবিন্দ মাস, ১৯৪৫ শকাব্দ ২০৮০ বিক্রম সাহু, ২৫৬৭ বুদ্বাদ্ধাঃ, বাংলাদেশ ২৬ ফাল্গুন ১৪৩০, ভারতীয় সিভিল ২০ ফাল্গুন ১৯৪৫, মৈতে ৩০ ফাইরেন, আসাম ২৬ ফাগুন, মুসলিম ২৯-শা'বান-১৪৪৫ হিজরী। সূর্য উদয় সকাল ০৫৫২০৮ এবং অস্ত বিকাল ০৫৪১২০। চন্দ্র উদয় সকাল ০৫৪৬৩৫(১০) এবং অস্ত বিকাল ০৫৪৮১০(১০)। কৃষ্ণ পক্ষ । তিথি অমাবস্যা (পূর্ণা) বিকাল ঘ ০৩২৯১২ দং ২৪২২৫ পর্যন্ত । নক্ষত্র পূর্বভাদ্রপদ শেষ রাত্রি ঘ ০৩৪৩৫৯ দং ৫৪৪১৪০ পর্যন্ত পরের উত্তরভাদ্রপদ । করণ নাগ বিকাল ঘ ০৩৯১১২ দং ২৪২২৫ পর্যন্ত পরে কিন্তুগ শেষ রাত্রি ঘ ০২১৬৫২ দং ৫১৩৫২.৫ পর্যন্ত পরে বব যোগ সাধ্য বিকাল ঘ ০৫৫১১৫ দং ২৯৭৩২.৫ পর্যন্ত পরে শুভ । অমৃতযোগ দিন ০৬৩৯৩১ থেকে - ০৯৪৮৩৮ পর্যন্ত এবং রাত্রি ০৭১৮৫২ থেকে - ০৮৫৬১৮ পর্যন্ত। মহেন্দ্রযোগ দিন ০৫৫২১৪ থেকে-০৬৩৯৩১ পর্যন্ত, তারপর ১২৫৭৪৫ থেকে - ০১৪৫০১ পর্যন্ত এবং রাত্রি ০৬৩০০৯ থেকে - ০৭১৮৫২ পর্যন্ত, তারপর ১২১১১১ থেকে - ০৩২৬০৪ পর্যন্ত। কুলিকবেলা দিন ০৪০৬৫২ থেকে - ০৪৫৪০৯ পর্যন্ত। কুলিকরাত্রি ০৩২৬০৪ থেকে-০৪১৪৪৭ পর্যন্ত। বারবেলা দিন ১০১৮১১ থেকে-১১৪৬৫০ পর্যন্ত। কালবেলা দিন ১১৪৬৫০ থেকে- ০১১৫২৮ পর্যন্ত। কাররাত্রি ০১১৮১১ থেকে - ০২৪৯৩২ পর্যন্ত।গ্রহযুট (সূর্য উদয় কালীন) রবি ১০২৬৩২৩৭ (২৬) ২ পদ। চন্দ্র ১১৩৬৪৪৬ (২২) ১ পদ, মঙ্গল ৯২৬৩০১৪ (২৩) ১ পদ,বুধ ১১৭১৩৩০ (২৬) ২ পদ, বৃহস্পতি ০১৯৮১১ (২২) ২ পদ,শুক্র ১০৪২০৫৭ (২৩) ৪ পদ, শনি ১০১৪৩১৭ (২৪) ২ পদ,রাহু ১১২৫২৬৪ (২৭) ৩ পদ, কেতু ৫২,৫১,৬৪ (১৪) ১ পদ।রাশি- কুন্ত রাশি সকাল ০৬০৬১০ পর্যন্ত। মীন রাশি সকাল ০৭৩৭১৪ পর্যন্ত। মেঘ রাশি সকাল ০৯১৭৪৮ পর্যন্ত।বৃষ রাশি সকাল ১১,১৬,১০ পর্যন্ত। মিথুন রাশি দুপুর ০১,২৯,২৮ পর্যন্ত।
রাশিফল
মেঘ -গুরুজনের শরীর নিয়ে একটি চিন্তিত হতে হবে আপনাকে। চাকুরিজীবীদের আয়ের বাড়তি উন্নতি হবে। সঞ্চিত সম্পদ বৃদ্ধি হবে। বৃষ-আজ শুক্রটা খুব শুভ হতে চলেছে। এই সময়ে, আপনার পরিকল্পিত কাজ সময়মতো হয়ে যাবে। মিথুন-সাক্ষরার সময় শুরু হবে। পরিকল্পিত কাজ শেষ করার জন্য আপনাদের অলসতা দূর করতে হবে। কর্কট- শুরুতে কাউকে এমন কোনোও প্রতিশ্রুতি দেবেন না। যা ভবিষ্যতে পূরণ করতে সমস্যায় পড়তে হবে। সিংহ-কোনোও প্রভাবশালী ব্যক্তির সুখবতায়। দীর্ঘদিন ধরে অমীমাংসিত কাজ সম্পন্ন হবে। যার কারণে আপনার মন খুব খুশি হবে। জমি ও বাড়ি ক্রয়-বিক্রয়ের ইচ্ছা পূরণ হতে পারে। কন্যা-সর্বক থাকতে হবে। অন্যথায় আপনাকে অপ্রয়োজীয় সমস্যায় সম্মুখীন হতে হতে পারে। সপ্তাহের শুরুতে আপনার কর্মক্ষেত্রে কারোর সঙ্গে তর্ক করা এড়িয়ে চলতে হবে। তুলা-কিছু সমস্যা নিয়ে শুরু হতে পারে, কিন্তু শেষার্ধ্বে তারা কান্ধিত সুখবরে ভালো ফল পাবেন। এমন পরিস্থিতিতে, কোনোও অবস্থাতেই আপনার ধৈর্য ও বিচক্ষণতা হারাবেন না। বৃশ্চিক- সন্তানের চিন্তা আপনার মাথাব্যথার কারণ হতে পারে। সপ্তাহের শুরুতে, আপনাকে বাড়ির ঘরোমত বা বিলাসবহুল জিনিসগুলিতে পকেট থেকে আরও বেশি অর্থ ব্যয় করতে হতে পারে। ধনু-আপনি পেশা এবং ব্যবসা সম্পর্কিত কিছু ভালো খবর শুনতে পারেন। যারা চাকরি খুঁজছেন তারা কান্ধিক্ত সুযোগ পাবেন। মকর-শুভানুধ্যায়ীদের সাহায্যে পরিকল্পিত কাজ সময়মতো শেষ হবে। কর্মক্ষেত্রে সিনিয়র ও জুনিয়র উভয়েই আপনার প্রতি সদয় হবেন। কুন্ত-শুক্রটা কিছু সমস্যা দিয়েই কাটবে। এই সপ্তাহে আপনাকে পারিবারিক-সম্পর্কিত সমস্যায় সমাধান খুঁজতে একটি বেশি দৌড়াতে হতে পারে। মীন-কোনোও কাজে তাড়াছড়ো করা এড়িয়ে চলুন এবং কোনোও কাগজে সঠিকভাবে না পড়ে এবং না বুবেই সই করা ঠিক না।

ধোপে টিকলো না কুণাল-তাপসের আপত্তি, কলকাতা উত্তরে সুদীপই প্রার্থী



সেই দাবি তোলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ, তাপস রায়। সোশ্যাল মিডিয়ায় সুদীপের বিরুদ্ধে বোমা ফাটান কুণাল ঘোষ। দল বিরোধী কথা বলায় শোকজ নোটিশ পাঠানো হয় কুণালকে। যদিও তারপরে বরফ গলে। দেখা যায় সুদীপ ফোন করে কুণালকে বাড়িতে চায়ের আমন্ত্রণ জানান। অন্যদিকে সুদীপের বিরুদ্ধে আওয়াজ তুলে দলত্যাগী হন বর্মিয়ান বিধায়ক তাপস রায়।

রাজ্যে রামনবমীর ছুটিতে ক্ষোভ কবীর সুমনের

কলকাতা, ১০ মার্চঃ রাজ্য সরকারের দেওয়া রামনবমীর ছুটি নিয়ে গর্জে উঠলেন গায়ক কবীর সুমন। তিনি সোশ্যাল মিডিয়ায় নিজের ক্ষোভ প্রকাশ করেছেন। কবীর সুমন সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, আর পারলাম না। রামনবমীতেও আমার রাজ্যে ছুটি। মর্নাছি না। রামনবমী জাতীয় সংখ্যালঘু নির্ধাতন দিবস। এ দিন হবে আমার রাজ্যে ছুটির দিন। চমৎকার। প্রসঙ্গত, এই প্রথম রামনবমীতে ছুটি ঘোষণা করল রাজ্য সরকার। শনিবার এই মর্মে বিজ্ঞপ্তি জারি করেছে নবান্ন। আগামী ১৭ এপ্রিল রামনবমী। ওই দিন জরুরি পরিষেবা বাদ দিয়ে রাজ্য সরকারি এবং সরকার পাণিথিত সমস্ত প্রতিষ্ঠানে ছুটি থাকবে। রাজ্য সরকারের সিদ্ধান্তে মোটেই খুশি নন গানওয়লা কবীর সুমন।

ব্রিগেডমুখী সন্দেশখালির মহিলাদের একাংশ

কলকাতা, ১০ মার্চঃ রবিবার তৃণমূলের ডাকা জনগর্জন সভায় ব্রিগেডমুখী হচ্ছেন সন্দেশখালির মহিলাদের একাংশ। লোকসভা নির্বাচনের আগে একাধিকবার সংবাদ শিরোনামে উঠে এসেছে এই সন্দেশখালি। অভিযোগ, দিনের পর দিন সন্দেশখালির মহিলাদের উপর অত্যাচার করে এসেছে তৃণমূল নেতা শেখ শাহজাহান ও তাঁর বাহিনী। কিন্তু সেই তৃণমূলের ডাকা ব্রিগেডের উদ্দেশ্যেই আসতে শুরু করেছেন সন্দেশখালির মহিলাদের একাংশ। ইতিমধ্যে সেই ছবি ধরা পড়েছে সংবাদমাধ্যমে। যদিও বিজেপি নেতৃত্বের দাবি, গত কয়েকদিন ধরেই সন্দেশখালিতে মহিলাদের ভয় দেখানো হচ্ছে। উল্লেখ্য, সন্দেশখালির বিষয়টিকে সামনে রেখে আজ রবিবার তৃণমূলের ব্রিগেডের পাঁচটা সন্দেশখালিতে সভা করবে বঙ্গ বিজেপি। বিজেপির অভিযোগ, বিজেপির সভায় যাতে সন্দেশখালির মহিলারা না যায় সেই কথা বলে হুমকি দেওয়া হচ্ছে বলে দাবি স্থানীয় নেতৃত্বের।

শাহজাহানকে আবার হেফাজতে চাইতে পারে সিবিআই

কলকাতা, ১০ মার্চঃ রবিবারই শেষ হচ্ছে হেফাজতের মোসাদ। রবিবার ফের বসিরহাট মহকুমা আদালতে তোলা হবে সন্দেশখালির তৃণমূল নেতা শেখ শাহজাহানকে। সূত্রের খবর, শাহজাহানকে আরও কিছু দিন নিজেদের হেফাজতে চাইতে পারে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। উল্লেখ্য, ৫৬ দিন গা ঢাকা দিয়ে থাকার পর গত ২৯ ফেব্রুয়ারি শাহজাহানকে গ্রেফতার করে রাজ্য পুলিশ। বসিরহাট আদালত তাঁকে ১০ দিনের হেফাজতের নির্দেশ দিয়েছিল। সিআইডি-র হেফাজতে ছিলেন তিনি। পরে কলকাতা হাইকোর্ট শাহজাহানকে সিবিআইয়ের হাতে তুলে দিতে বলে। তদন্তের ভার যায় সিবিআইয়ের হাতে। তিন দিন শাহজাহানকে হেফাজতে পেয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। রবিবার সেই মোসাদ শেষ হচ্ছে। সূত্রের খবর, শাহজাহানকে আরও কিছু দিন হেফাজতে চাইতে পারে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

রচনা বন্দ্যোপাধ্যায়কে হুগলি কেন্দ্র থেকে প্রার্থী করেছে তৃণমূল

দূরন্ত বার্তা, হুগলি, ১০ মার্চঃ হুগলির তৃণমূল প্রার্থী রচনা বন্দ্যোপাধ্যায় জানানেন, অনেকদিন ধরেই কথাবার্তা চলছিল হুগলিতে লড়াই এবার লকেট-রনারায়। কলকাতা আগেরি বাংলার বিখ্যাত রিয়ালিটি শো দিদি নং ১-এ অতিথি হয়ে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আর তারপর থেকেই জল্পনা চলছিল বিভিন্নমহলে। অবশেষে ঘটে গেলও তেমনটাই। জনপ্রিয় ওই রিয়ালিটি শো-এর সঞ্চালিকা তথা অভিনেত্রী রচনা বন্দ্যোপাধ্যায়কে প্রাধী করল তৃণমূল। রবিবার ব্রিগেডের জনগর্জন সভা থেকে প্রার্থী ঘোষণা করে তৃণমূল কংগ্রেস। এবারের প্রার্থী তালিকায় একগুচ্ছ চমক রেখেছে ঘাসফুল শিবির। সেখানে যেমন ক্রীড়া জগতের ব্যক্তিত্বরা রয়েছেন, তেমনই রয়েছেন অভিনেতা - অভিনেত্রীরাও। তাঁদেরই একজন রচনা বন্দ্যোপাধ্যায়। হুগলি কেন্দ্র থেকে তাঁকে প্রার্থী করেছে তৃণমূল।

রবিবার নাম ঘোষণার পর দলনেত্রীর সঙ্গে ব্যাপ্পে হাঁটতেও দেখা যায় তাঁকে। পরে রচনা জানান, অনেকদিন ধরেই কথাবার্তা চলছিল, তিনি দীর্ঘদিন ধরেই তৃণমূলকে সমর্থনও করে আসছেন। রচনা বলেন, দিদি বলেছেন তোমাকে

আমার পাশে চাই। দিদি বলেছেন, আর কোনও কথা নেই। হুগলি লোকসভা কেন্দ্রের বর্তমান সাংসদ বিজেপির লকেট চট্টোপাধ্যায়। সম্প্রতি বিজেপি যে প্রথম দফার প্রার্থী তালিকা ঘোষণা করেছে সেখানেও এই হুগলি কেন্দ্র থেকেই প্রার্থী করা হয়েছে লকেটকে। তারপর থেকে প্রচার কর্মসূচিও শুরু করে দিচ্ছেন তিনি।

সেক্ষেপ্রে হুগলির ভোটাররা এবার ভোটের ময়দানে দুই অভিনেত্রীর টঙ্কর দেখতে পাবেন একথা বলাই যায়। দিদি বলেছেন তোমাকে আমার পাশে চাই। দিদি বলেছেন, আর কোনও কথা নেই। রচনা বন্দ্যোপাধ্যায় গুরুত্ব দিচ্ছেন না লকেট যদিও প্রতিদ্বন্দ্বী হিসেবে রচনা বন্দ্যোপাধ্যায়কে অবশ্য খুব একটা বেশি গুরুত্ব দিতে রাজি নন লকেট চট্টোপাধ্যায়। এই প্রসঙ্গে সংবাদমাধ্যমে লকেট বলেন, এটা আসলে মোদিজির ভোট। লড়াইটা মোদি বনাম মমতা। এই লড়াইয়ে যতই লকেট মমতা রচনা করুক না কেনো, কিছুই করতে পারবে না। মমতা বন্দ্যোপাধ্যায় কী করেছেন মানুষ দেখেছে, আর মোদিজি কী করেছেন দেখেছে। মোদিজির সৈনিক হিসেবে আমার কাজ করছি। রচনা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আমি কাজ

মালদায় দুই আসনে প্রার্থী হতাশ তৃণমূল কর্মীরা ! সোসাল মিডিয়ায় প্রার্থী বদলের দাবি

দূরন্ত বার্তা, মালদা ১০ মার্চ : মালদায় দুই আসনে প্রার্থী অরাজনৈতিক ও অপরিচিতা হতাশ তৃণমূল কর্মীরা ! সোসাল মিডিয়ায় প্রার্থী বদলের দাবি উঠেছে। জনগর্জন সভা থেকে ঘোষিত দুই প্রার্থী সম্পূর্ণ অরাজনৈতিক ও অপরিচিতা। জেলার রাজনীতির সঙ্গে তাদের দুজনাইই কোন সম্পর্কই নেই। একজন বহিরাগত আই পি এস অফিসার তথা উত্তর বঙ্গের আই জি প্রসন্ বন্দ্যোপাধ্যায়, অন্যজন মোথাবাড়ির ভূমিপুত্র হলেও দীর্ঘদিন তার সঙ্গে মোথাবাড়ি তথা মালদা জেলার কোন যোগাযোগ নেই। ফলে মালদা উত্তর ও দক্ষিণ কেন্দ্রে তৃণমূলের প্রার্থী ঘোষণার সঙ্গে সঙ্গে কার্যত হতাশ তৃণমূল কর্মীরা।মালদা দক্ষিণ থেকে প্রার্থী হিসেবে যার নাম ঘোষণা করা হয়েছে তিনি হলেন কালিয়াচক ২ নম্বর ব্লকের হলে শাহনাওয়াজ আলী রেহানা। মোথাবাড়ি বিধানসভার হামিদপুর

গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পশ্চিম তোকি গ্রামে রেগানের বাড়ি। বাবা সেকেন্দার আলি ছিলেন অবসর প্রাপ্ত বিদ্যুত কর্মী। তার এক ছেলে ও এক মেয়ে। বড় ছেলে রেহান ছোটবেলা থেকে সে ফারাক্কা এনটিপিসি বিদ্যালয়ের ছাত্র ছিল। সেখান থেকে মাধ্যমিক পাশের পর কলকাতাতে পড়াশোনা করে। তারপরে মূলত লন্ডনে রিসার্চ এর কাজের জন্য যায়। রেগানের স্ত্রী একজন চিকিৎসক। বর্তমানে মাত্র এক মাস আগে সে মালদায় ফিরে আসেন। কালিয়াচকে বর্তমানে তার পরিবার রয়েছে। স্থানীয় মানুষের একরকম তাকে চেনেই না। অন্যদিকে মালদা উত্তর লোকসভায় প্রার্থী হয়েছেন আই পি এস অফিসার তথা উত্তর বঙ্গের আই জি প্রসন্ বন্দ্যোপাধ্যায়। গতকালই সে আই জি পদ থেকে পদত্যাগ করেছেন। দুটি প্রার্থী নির্বাচনের পর তৃণমূল কংগ্রেসের অন্দরমহলে চাপা ক্ষোভ লক্ষ করা গেছে। সোসাল

মিডিয়ায় প্রার্থী বদলের দাবি উঠেছে। অনেকেইই বক্তব্য এর ফলে মালদায় কংগ্রেস ও বিজেপিকে



ওয়াক ওভার দিয়ে দিল তৃণমূল। ইতিমধ্যেই তৃণমূল কর্মীরা রহিম বা সাবিনা ইয়াসমিনকে প্রার্থী করার জন্য সোসাল মিডিয়ায় চিৎকার

চোঁচামেচি শুরু করেছে। লোকসভা ভোটে বিজেপি সরকারকে গদীচ্যুত করতে রবিবার বাংলার মুখ্যমন্ত্রী প্রান্ত থেকে তৃণমূলের নেতা,কমী ও মন্ত্রী থেকে শুরু করে মেহেনতি মানুষেরা উপস্থিত হন। মালদা জেলা থেকে হাজার হাজার তৃনমূল কর্মী ও সমর্থক ট্রেন ধরে কলকাতায় জনগণ সভায় ছুটে যায়। বাংলাকে বঞ্চনা করার জবাব চেয়ে বিজেপি সরকারের বিরুদ্ধে কে প্রার্থী হবে তা নিয়ে তৃণমূলের রাজনৈতিক কর্মী থেকে সাধারণ মানুষের মধ্যে উৎসাহ ছিল চরমে। কিন্তু দুই প্রার্থীর নাম ঘোষণা মাত্রায় কর্মীরা কার্যত হতাশ হয়ে পড়ে। তৃণমূলের একাংশের সোশ্যাল মিডিয়ায় বক্তব্য প্রার্থীর নাম ঘোষণার সঙ্গে সঙ্গে মালদায় তৃণমূল কার্যত তৃতীয় আসনে চলে গেল দুটি আসনে মুখোমুখি যুদ্ধ হবে বিজেপি ও কংগ্রেসের মধ্যে। ইতিমধ্যেই তৃণমূল কর্মীরা সাবিনা ইয়াসমিন রহিম বক্সি ও কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে প্রার্থী করার জন্য সোসাল মিডিয়ায় চিৎকার চোঁচামেচি শুরু করেছে।

লোকসভায় জেলা তৃণমূল নেতৃত্বের উপর ভরসা রাখতে পারলেন না মমতা

মালদা,১০মার্চ : গোষ্ঠীদ্বন্দ্বের খতে প্রলেপ। তৃণমূলের চিরাচরিত নীতি মালদায়দুই আসনেই নতুন মুখ দিয়ে .চমক। লোকসভায .জেলা তৃণমূল নেতৃত্বের উপর ভরসা করলেন না মমতা। একদিকে প্রাক্তন আইপিএস। অন্যদিকে অল্পকোর্ড ইউনিভার্সিটির গবেষক। স্বছ মুখোশের প্রার্থী করে বার্তা তৃণমূলের। উত্তর মালদা লোকসভা কেন্দ্র গঠনের পর থেকে গত লোকসভা ভোটে পর্যন্ত এই কেন্দ্রের প্রার্থী ছিলেন তিনি। তিনবারের প্রার্থী এবং দুইবারের সাংসদ। গত লোকসভা ভোটে হেরে যাওয়ার পর তৃণমূলের পক্ষ থেকে রাজসভায় সাংসদ করে পাঠানো হয় মৌসমকে। স্বাভাবিক ভাবেই এবারও প্রার্থীর চর্চায় ছিলেন রুবি কন্য়া। জেলায় দলের একাংশের মধ্যে তাকেই প্রার্থী করার জোরালো দাবি উঠেছিল। অন্যদিকে প্রার্থীর দৌড়ে ছিলেন জেলা তৃণমূল সভাপতি আব্দুর রহিম বক্সীও। মৌসম এবং রহিমকে নিয়ে দ্বন্দ্ব শুরু হয়েছিল কর্মীদের অন্দরেই। আর সেই দ্বন্দ্বের কারণেই আভাস মিলে ছিল প্রার্থী পরিবর্তনের। বহিরাগত অরাজনৈতিক বা হেভিওয়েট কোন মুখকে প্রার্থী করার সম্ভাবনা সামনে এসেছিল। ২০২৪ সালের লোকসভা নির্বাচনে উত্তর মালদা কেন্দ্র থেকে তৃণমূলের প্রার্থী হলেন রাজা পুলিশের সদ্য প্রাক্তন আইপিএস প্রসন্ ব্যানার্জি। যিনি রায়গঞ্জ রেঞ্জের ডিআইজি পদে ছিলেন। তার আগে মালদা এবং বালুরঘাটে পুলিশ সুপারের দায়িত্ব সামলেছেন। মালদা রেঞ্জের ডিআইজির পদেও ছিলেন।বেশ কয়েক দিন ধরে জল্পনা চালাছিল উনাকে নিয়ে। শুক্রবার তিনি ইস্তফা দেওয়ার পর সেই জল্পনা আরো জোরালো হয়। অবশেষে উত্তর মালদা দখলের জন্য একদা মালদার পুলিশ সুপারের দায়িত্ব সামলে যাওয়া প্রসন্ বাবুর কাছেরই ভরসা করলেন মমতা। যিনি বহিরাগত হলেও মালদাকে খেটেই কাছ থেকে চেনেন। মালদার রাজনৈতিক পরিস্থিতি সম্বন্ধেও ওয়াকিবহাল। পুলিশকর্তা ছাড়াও অভিনেতা এবং লেখক হিসেবেও খ্যাতি রয়েছে তারা। ছোটপর্দায় দাপিয়ে অভিনয় করেছেন। তবে উত্তর মালদায় তৃণমূল কর্মীরা সর্বসম্মতিক্রমে প্রার্থী হিসেবে উনাকে কর্তটা মেনে নেন।নো স্টো নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে। যদিও জেলা তৃণমূল নেতৃত্বের দাবি প্রসন্ বাবুকে প্রার্থী হিসেবে পেয়ে তারা খুশি। অন্যদিকে জেতার ব্যাপারে সম্পূর্ণ আত্মবিশ্বাসী প্রসন্ ব্যানার্জি নিজে তিনি দাবি করেন মালদার সঙ্গে আমার দীর্ঘদিনের যোগাযোগ। মালদায় থাকাকালীন বিভিন্ন কাজ করেছে। মালদার ইতিহাস নিয়ে ছবি করেছে। সাধারণ মানুষের সঙ্গেও যোগাযোগ রয়েছে। তাই প্রতিপক্ষ বেই থাকুক জয় নিয়ে কোন সমস্যা হবে না। রাজনৈতিক ওয়াকিবহল মহলের মতে উত্তর মালদায় বিজেপিকে হারাতে অরাজনৈতিক স্ব্ছ মুখকে বেছে নিল রাজ্যের শাসকবর্গ। অন্যদিকে এখনো কংগ্রেসের দখলে থাকা দক্ষিণ মালদা জয়ের জন্য জেলার কৃষির উপর ভরসা তৃণমূলের। দক্ষিণ মালদায় তৃণমূলের প্রার্থী শাহনাওয়াজ আলী রাইহান। কালিয়াচক নিবাসী রায়হান ইংল্যান্ডের অল্পকোর্ড বিশ্ববিদ্যালয়ে গবেষণা করেছেন। জেলা তৃণমূল সভাপতি আব্দুর রহিম বক্সী বলেন, দুই আসনেই প্রার্থীতে আমরা খুশি। প্রার্থী যিনি হোন না কেনা স্বাক্ষরের প্রতীক এবং মমতা ব্যানার্জির মুখ দেখে মানুষ ভোট দেবে। উত্তর মালদায় বিপুল ভোটে জেতাবো আমাদের প্রার্থীকে। রাজসভার সাংসদ মৌসম নূরের মতে, আমাদের নেত্রী মমতা ব্যানার্জি এবং সেনাপতি অভিনকে ব্যানার্জি প্রার্থী ঠিক করেছেন। আমি তো রাজা সভাতে নেই।উত্তর মালদায় আমরা জিতব। প্রসন্ ব্যানার্জীর বক্তব্য, সকল লোকই অতৃত্বের সঙ্গে কথা হয়েছে। দ্রুত প্রচার শুরু করব। দলের কাছে কৃতজ্ঞ। জয়ের ব্যাপারে ১০০ নিশ্চিত।

ইম্পিরিয়াল ব্লু সুপারহিট নাইটস, মির্চির-এর সাথে একযোগে, কলকাতাকে সাক্ষী করাল এক অনন্য সাধারণ মিউজিক্যাল উন্মাদনার

কলকাতা, ১০ মার্চ : ইম্পিরিয়াল ব্লু সুপারহিট নাইটস সম্ভ্রা, মির্চি ফ্যানফেস্টের সাথে পার্টনারশিপে, কলকাতাকে বোকে অসামান্য মিউজিক প্রতিভায় উজ্জ্বল এক সঙ্গীতমুখর রাত্রির আয়োজন করেছিল। ৯ ই মার্চ ২০২৪ –এর এই অবিস্মরণীয় সঙ্গীত সন্ধ্যার জন্য এই ইভেন্ট মিউজিক জগতের তারকা শিল্পীদের একত্রিত করতে সমর্থ হয়েছিল। পারমিথ ভার্মা, ইউফোরিয়া, রাজ বর্মণ ও ফসিলের অসাধারণ পারফরম্যান্সের ছোঁয়া লেগেই যেন সারা শহরের সমস্ত আড়ষ্টতা দূর হয়ে গেল এবং বিখ্যাত শিল্পীদের মন জুড়িয়ে দেওয়া মেলেডি ও চাঞ্চল্যা জাগিয়ে তোলা বিটস শব্দের কাছে-মুখে এনে দিয়েছিল এক অপার মুগ্ধতার বলক। প্রত্যেক শিল্পীই অসাধারণ পারফরম্যান্সের স্বাক্ষর রেখেছেন এবং তাঁদের মিউজিকের শক্তি সমস্ত শ্রোতা তথা দর্শকদের একেবারে যেন মন্ত্রমুগ্ধ করে রেখেছিল। কলকাতার কনসার্টের সাফল্য এক কথায় বলে শেষ করা যায় না! তারকা-খচিত আর্টিস্টদের লাইন-আপ ও দর্শকদের কখনও না ফুরিয়ে যাওয়া উসাহের মধ্য দিয়ে, ‘ হাসি দিয়ে জীবনকে আলিঙ্গন করা’-র ইম্পিরিয়াল ব্লু-এর অন্তর্নিহিত দর্পন আরও শক্তিশালী ভিত্তির উপরে

প্রতিষ্ঠিত হয়েছে। প্রকৃত অর্থেই ইম্পিরিয়াল ব্লু সুপারহিট নাইটস একটি বিশেষ প্র্যাটিক্ফ যা অসাধারণ

জেনারেল ম্যানেজার, ইশবিন্ডগ্লার সিং একথা বলেন। এই বিষয়ে নিজের মন্তব্য বোঝ করতে গিয়ে,

উদযাপন করা হয়েছে এবং আমাদের সহযোগিতার মাধ্যমে, আমরা শহরের মিউজিক-প্রেমীদের



মিউজিক পারফরম্যান্সের মাধ্যমে আমাদের লক্ষিত দর্শকদের সক্রিয়ভাবে জুড়ে রাখার উদ্দেশ্যে এক অভিনব ইমারসিভ অভিজ্ঞতা প্রদান করতে সন্া তপার রয়েছে। ইম্পিরিয়াল ব্লু সুপারহিট নাইটসের ও বিজয়চুক্ত ফলাফলের প্রভাব প্রতিনিয়ত আমাদের গ্রাহকদের সাথে এক শক্তিশালী সংযোগ করতে আমাদের উসাহিত করে। পারমন্ড রিকার্ড ইন্ডিয়া, মার্কেটিং –

ENIL – ইডিপি অ্যান্ড ন্যাশনাল ডাইরেক্টর আইপি সলিউশনস, পূজা গুলাটি বলেন, কলকাতার বৃকে মিউজিকের আলোড়নকে জাগিয়ে তোলার জন্য ইম্পিরিয়াল ব্লু সুপারহিট নাইটসের সাথে হাতে-হাত মিলিয়ে কাজ করতে পেরে মির্চি ফ্যানফেস্ট রোমাঞ্চ অনুভব করছে। এই ইভেন্টের মাধ্যমে এই শহরের অতি উন্নত সাংস্কৃতিক পটভূমিকা ও তার অবদানকেও

জন্ম এক অবিস্মরণীয় অভিজ্ঞতা তৈরি করার লক্ষ্য গ্রহণ করেছি। এই ধরনের প্রতিভাধর আর্টিস্টদের লাইন-আপ ও সঙ্গীতময় আবহ মির্চি ফ্যানফেস্টের অন্তরায়াকে সঠিকভাবে আবদ্ধ করতে সমর্থ হয়েছে যেখানে মিউজিকের স্তন্থত অভিব্যক্তির মাধ্যমে আমাদের শ্রোতাদের এক গভীর সংযোগ স্থাপনের একমাত্র অভিলাষকেই অনেক যত্নে প্রতিপালন করা হয়।

প্রান্ত থেকে তৃণমূলের নেতা,কমী ও মন্ত্রী থেকে শুরু করে মেহেনতি মানুষেরা উপস্থিত হন। মালদা জেলা থেকে হাজার হাজার তৃনমূল কর্মী ও সমর্থক ট্রেন ধরে কলকাতায় জনগণ সভায় ছুটে যায়। বাংলাকে বঞ্চনা করার জবাব চেয়ে বিজেপি সরকারের বিরুদ্ধে কে প্রার্থী হবে তা নিয়ে তৃণমূলের রাজনৈতিক কর্মী থেকে সাধারণ মানুষের মধ্যে উৎসাহ ছিল চরমে। কিন্তু দুই প্রার্থীর নাম ঘোষণা মাত্রায় কর্মীরা কার্যত হতাশ হয়ে পড়ে। তৃণমূলের একাংশের সোশ্যাল মিডিয়ায় বক্তব্য প্রার্থীর নাম ঘোষণার সঙ্গে সঙ্গে মালদায় তৃণমূল কার্যত তৃতীয় আসনে চলে গেল দুটি আসনে মুখোমুখি যুদ্ধ হবে বিজেপি ও কংগ্রেসের মধ্যে। ইতিমধ্যেই তৃণমূল কর্মীরা সাবিনা ইয়াসমিন রহিম বক্সি ও কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে প্রার্থী করার জন্য সোসাল মিডিয়ায় চিৎকার চোঁচামেচি শুরু করেছে।

প্রচারে বিজেপি প্রার্থী মনোজ টিগ্লা

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১০ মার্চ : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম বিধানসভা কেন্দ্রে রবিবার প্রচার চালান আলিপুরদুয়ার লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী মনোজ টিগ্লা। এদিন কুমারগ্রাম বিধায়ক মনোজ কুমার ওরাও এবং প্রচুর বিজেপি কর্মী সমর্থকদের কে সঙ্গে নিয়ে প্রচার শুরু করে। প্রথমে কুমারগ্রাম ব্লকের কামাক্ষাগুড়ি তেতুলতলা চৌপথি থেকে বাইক র্যালী করে প্রচার শুরু হয়। এদিন কামাক্ষাগুািতে একটা নির্বাচনী কার্যালয় উদ্ভোধন করেন মনোজ টিগ্লা। এছাড়া এদিন একাধিক কর্মীসভায় যোগ দেন তিনি। কামাক্ষাগুড়ি হরিবাড়ি মন্দিরে পুজো দিয়ে মনোজ টিগ্লা মনোজ পরবর্তীতে বারবিশা এলাকায় কর্মীদের বৈঠক ও করেন।

ছুটির মরসুমে রেল টিকিটের চাহিদা তুঙ্গে

কলকাতা, মার্চ ১০, ২০২৪ ভূমণ পিপাসু বাঙালির বেড়াতে যাওয়ার সেরা পছন্দ রেলগাড়ি। রেলগাড়িতে ভ্রমণ করলে একদিকে যেমন আর্থিক সাশ্রয় হয় তেমনি যাত্রাও হয় উপভোগ্য। যেকোনো রকম ছুটির মরসুম এলেই বাঙালীর বেড়াতে যাওয়ার সেরা পছন্দের স্থান দার্জিলিং এবং পুরী। পুরী এমন এক পর্বতান স্থল যেখানে একদিকে যেমন সমুদ্রের গর্জন উপভোগ করা যায় তেমনিই জগন্নাথ মন্দির দর্শন করা যায়। অপরদিকে দার্জিলিংয়ে হিমালয়ের সৌন্দর্য অবলোকন করা যায়।তাই কোন ছুটির মরসুম এলেই দার্জিলিং ও পুরীগামী ট্রেনগুলোতে অসম্ভব ভীড় চোখে পড়ে। কিছুদিনের মধ্যেই ফুলগুলির বার্ষিক পরীক্ষা শেষ হয়ে গেলে অভিভাবকরা ভ্রমণের উদ্দেশ্যে বেরিয়ে পড়বেন। তারই প্রতিফলন দেখা যাচ্ছে ট্রেন গুলির অপেক্ষমান তালিকা দেখে।১২৪৩ শিয়ালদহ – নিউ জলপাইগুড়ি দার্জিলিং মেল ১৭.০৩.২০২৪ এবং ১৮.০৩.২০২৪ তারিখে দ্বিপরার সেরা পছন্দ রেলগাড়ি। ভারত অটো টিভিএস, উদ্যোগে সৃতি থানা পুলিশ ও সৃতি ট্রাফিক গার্ডের সহযোগিতায় মুর্শিদাবাদের সৃতিতে পালিত হলো সেভ ড্রাইভ সফ লাইফ কর্মসূচি। শনিবার সেভ ড্রাইভ সফ লাইফের বার্তা সকল পথচারিদের দিতে মধুপুর থেকে সাঝরমো। বর্নাত পথ সুরাক্ষার রালি অনুষ্ঠিত হয়। পথ চলতে হেলমেট বিহীন বাইক চালকদের গোলাপ ফুল ও মিষ্টি মুখ করিয়ে তাদের কে হেলমেট প্রদান করা হয় রাস্তার মাঝেই। ভারত অটো টিভিএস এর উদ্যোগে সেভ ড্রাইভ সফ লাইফের অনুষ্ঠান মঞ্চ থেকে সৃতি থানা পুলিশ ও সৃতি ট্রাফিক পুলিশের কর্মরতদের হাতে তুলে দেওয়া হয় রোথ জল থেকে বাঁচতে হেলমেট ও ছাতা। সৃতি থানা আইসি প্রসন্ মিত্রর মারফত সকল ট্রাফিক পুলিশ কর্মীদের হাতে তুলে দেওয়া হয় ছাতা ও হেলমেড। এদিনের সেভ ড্রাইভ সফ লাইফের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সৃতি ২ এর বিডিও হুমায়ন চৌধুরী, সৃতি থানার আইসি প্রশন্ মিত্র, সৃতি সাব গার্ডের ওসি বিদ্যু কুমার মন্ডল, কাশিমনগর হাইস্কুলের প্রধান শিক্ষক জুলফিকার আলি ভারত অটো টিভিএসের কর্মধার বিশিষ্ট সমাজসেবী মহঃ ইশা, কামাল হাসান, সহ জঙ্গিপূর সৃতি, সামসেরগঞ্জ, ফরাাকার একবার্ক সাংবাদিক গনা এদিন পথ সুরাক্ষার পাসাপাসি ভারত অটো টিভিএসের তরফে আনুষ্ঠানিক ভাবে বনভোজন ও মোকানিক মিি কর্মসূচিতে সৃতি সামেরগঞ্জের মোটর বাইক মোকানিকদের বিশেষ ভাবে বর্মনয় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বেজায় ক্ষোভ তৃণমূলের দুই কন্যার কলকাতা, ৯ মার্চ : শেষমেশ প্রার্থী করা স্থানি তাদের দু'জনকে। এদিন ব্রিগেডের মঞ্চে অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রার্থী তালিকা ঘোষণা করতেই দেখা যায়, হতাশায় ভরে ওঠে সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ের মুখ। কানে কোন দিবে হন হন করে স্টেজ থেকে নামে যান সান কবিরে। অপরজন, মৌসম নূর ক্ষোভ উগরে দিয়েছেন ঘনিষ্ঠমহলে। বিধানসভা ভোটে বাঁকুড়া আসন থেকে লড়ে হেরেছিলেন অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়। তবে ভোটে হারলেও অভিনেত্রীকে ফুল টাইম নেত্রী করে দেয় তৃণমূল। তাঁকে দলের রাজা সম্পাদক করা হয়। তা ছাড়া রাজা সংগঠনের তরফে একেবার বাঁকুড়ার পর্যবেক্ষক করে রাখা হয়েছিল সায়ন্তিকাকে। তৃণমূল সূত্রে খবর, বাঁকুড়া লোকসভা থেকে টেকি প্রত্যঙ্গী ছিলেন সায়ন্তিকা। সেই জন্য কম দৌতা করেননি। বিধানসভা ভোটে তাঁর মতেই আসানসোল দক্ষিণে প্রার্থী করা হয়েছিল সায়নী ঘোষকে।

এনডিএ-এর শক্তি বেড়েছে : সুশীল মোদী
পাটনা, ১০ মার্চ : পশ্চিমবঙ্গ, কেরল, জম্মু ও কশ্মীরে আইএনডিআই জেট ডেড্ডেছে, এনডিএ-এর শক্তি বেড়েছে, রবিবার একথা বলেন, বিহারের প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী সুশীল কুমার মোদী। তিনি এদিন বিহারের পাটনায় সাংবাদিকদের বলেছেন, পশ্চিমবঙ্গের ৪২টি আসনে তৃণমূল প্রার্থী ঘোষণার সঙ্গে পশ্চিমবঙ্গ রাজ্যে আইএনডিআই জেট ডেডে গেছে। অন্যদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আশ্রা পুষ্টক করে তিনি বলেন, ওডিশা, অন্ধ্রপ্রদেশ এবং পঞ্জাবের পুরনো মিত্রদের নিয়ে ক্ষমতাসীন জেটি আরও শক্তিশালী হবে উঠেছে এবং এনডিএ-তে যোগ দেওয়া প্রায় নিশ্চিত হয়ে গিয়েছে।

মুর্শিদাবাদে আবারও বোমা উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়

মুর্শিদাবাদ, ১০ মার্চ : মুর্শিদাবাদে আবারও বোমা উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। রবিবার সকালে প্রায় ৬টি লাইট বোমা উদ্ধার করল বড়এড়া থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে স্থানীয় বাসিন্দারা কয়খা কোটাল পুকুরের পাড়ে একটি সন্দেহজনক বালতি দেখতে পান। এরপর বড়এড়া থানার পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ পৌঁছে বোমাগুলিকে উদ্ধার করার পাশাপাশি তা নিষ্ক্রিয় করতে জেলা বম্ব স্কোয়াডকে খবর দেয়। কে বা কারা কী উদ্দেশ্যে এই বোমাগুলি মজুত করেছিল তা তদন্ত শুরু করেছে বড়এড়া থানার পুলিশ। সপম্ভত, ১৯ ফেব্রুয়ারি ডোমলক রানিগরে বোমা উদ্ধার হয়। এরপর মঙ্গলবার রেজিগরে চাঘের জমি থেকে উদ্ধার হয় বোমা। গত জানুয়ারি মাসে মুর্শিদাবাদের রানিগর থানার রাজাপুর পঞ্চায়েতের সীমান্তবর্তী বিচপাড়া এলাকায় একটি গ্লাস্টিকের বালতিতে ভর্তি বোমা উদ্ধার হয়। লাগাতার বোমা উদ্ধারের ঘটনা এলাকায় ছড়িয়েছে আতঙ্ক।

শিলিগুড়ি মহাকুমার খড়িবাড়িতে উদ্ধার হল জোড়া মৃতদেহ

দূরন্ত বার্তা,শিলিগুড়ি, ১০ মার্চ : শিলিগুড়ি মহাকুমার খড়িবাড়িতে উদ্ধার জোড়া মৃতদেহ। ঘটনায় চাঞ্চলয়এলাকায়। ঘটনাটি খড়িবাড়ির বুড়াগঞ্জের টুকরিয়াবাড় বনাপঞ্চল লাগোয়া রামভোলা জোত এলাকার। জানা গিয়েছে, রবিবার স্থানীয়রা মাঠে গবাদিপশু বাঁধতে গেলে হাতির ওয়াচ টাওয়ার নিচে বুলন্ত অবস্থায় দেখতে পান নাবালক ও নাবালিকাকে। খবর চাউর হতেই স্থানীয়রা ভীড় জমায় ঘটনাস্থলে। খবর পেয়ে খড়িবাড়ি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে খড়িবাড়ি হাসপাতালে নিয়ে আসে। মৃতের নাম দেব সিংহ (১৬),সুলেখা সিংহ (১৬), দুজনই বুড়াগঞ্জের ধূলিয়া জোতের এলাকায় বাসিন্দা। তবে শনিবার দুপুরে এই যুগলকে ঘোরামথুরি করতে দেখে স্থানীয়রা । অন্যদিকে দুই পরিবারের সদস্যরা জানান, প্রতিবেশী ভাই বোনের সম্পর্ক ছিল দুজনে, কেন এই রকম ঘটনা ঘটল বুঝে উঠতে পারছে না। কান্নায় ভেঙ্গে পড়েছে তারা। পোটা ঘটনায় তদন্ত শুরু করেছে খড়িবাড়ি থানার পুলিশ। ময়নাতদন্তের জন্য মৃতদেহ উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ।

পথ সুরাক্ষার সার্থে, পথ চলতি অভিনব বার্তা দিল জেলা পুলিশ

দূরন্ত বার্তা, সৃতি, ১০ মার্চ : পথ সুরাক্ষার সার্থে, পথ চলতি হেলমেট বিহীন মোটর বাইক চালকের গোলাপ ও মিষ্টি খাইয়ে হেলমেট পড়ে বাইক চালানোর বার্তা দিল, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপূর পুলিশ জেলার সৃতি থানা পুলিশ ও সৃতি ট্রাফিক গার্ড ও এনসিসি কর্মীরা। ভারত অটো টিভিএস, উদ্যোগে সৃতি থানা পুলিশ ও সৃতি ট্রাফিক গার্ডের সহযোগিতায় মুর্শিদাবাদের সৃতিতে পালিত হলো সেভ ড্রাইভ সফ লাইফ কর্মসূচি। শনিবার সেভ ড্রাইভ সফ লাইফের বার্তা সকল পথচারিদের দিতে মধুপুর থেকে সাঝরমো। বর্নাত পথ সুরাক্ষার রালি অনুষ্ঠিত হয়। পথ চলতে হেলমেট বিহীন বাইক চালকদের গোলাপ ফুল ও মিষ্টি মুখ করিয়ে তাদের কে হেলমেট প্রদান করা হয় রাস্তার মাঝেই। ভারত অটো টিভিএস এর উদ্যোগে সেভ ড্রাইভ সফ লাইফের অনুষ্ঠান মঞ্চ থেকে সৃতি থানা পুলিশ ও সৃতি ট্রাফিক পুলিশের কর্মরতদের হাতে তুলে দেওয়া হয় রোথ জল থেকে বাঁচতে হেলমেট ও ছাতা। সৃতি থানা আইসি প্রসন্ মিত্রর মারফত সকল ট্রাফিক পুলিশ কর্মীদের হাতে তুলে দেওয়া হয় ছাতা ও হেলমেড। এদিনের সেভ ড্রাইভ সফ লাইফের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সৃতি ২ এর বিডিও হুমায়ন চৌধুরী, সৃতি থানার আইসি প্রশন্ মিত্র, সৃতি সাব গার্ডের ওসি বিদ্যু কুমার মন্ডল, কাশিমনগর হাইস্কুলের প্রধান শিক্ষক জুলফিকার আলি ভারত অটো টিভিএসের কর্মধার বিশিষ্ট সমাজসেবী মহঃ ইশা, কামাল হাসান, সহ জঙ্গিপূর সৃতি, সামসেরগঞ্জ, ফরাাকার একবার্ক সাংবাদিক গনা এদিন পথ সুরাক্ষার পাসাপাসি ভারত অটো টিভিএসের তরফে আনুষ্ঠানিক ভাবে বনভোজন ও মোকানিক মিি কর্মসূচিতে সৃতি সামেরগঞ্জের মোটর বাইক মোকানিকদের বিশেষ ভাবে বর্মনয় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

লাভা ইন্টারন্যাশনাল উদ্বোধন করল ব্লেজ.কার্ড ৫জি মোবাইল ফোন

৯ মার্চ : ভারতের অগ্রণী স্মার্টফোন ব্র্যান্ড লাভা ইন্টারন্যাশনাল নিয়ে এল ব্লেজ. কার্ড ৫জি। এই বৈপ্লবিক স্মার্টফোনে মাঝারি মানের স্মার্টফোনের শ্রেণীর সংজ্ঞাই দদলে দিতে চলেছে। এতে আছে শ্রেণীতে প্রথম 8GB LPDDR5 RAM যার ফলে একসঙ্গে অনেক কাজ অনায়াসে করা যাবে। সেই সঙ্গে রয়েছে শ্রেণীতে প্রথম UFS 3.1 128GB256GB আভ্যন্তরীণ স্টোরেজ। এমন যুগলবন্দির ফলে অ্যাপ খোলার হার ১০০ শতাংশ পর্যন্ত দ্রুততর হবে। এই ফোন অতি দ্রুতগতিসম্পন্ন MediaTek Dimensity 7050 প্রসেসর দ্বারা চালিত, ফলে ফোনের গতি ও কার্যকারিতা হয়ে ওঠে তুলনাহীন। ফোনের Anlutu স্ক্রোর 570K যা নিজের শ্রেণীতে সেরা। এই দামে যে সব মোবাইল বাজারে রয়েছে, সেই শ্রেণীতে অ্যাপ চালনা ও গেম খেলার ক্ষেত্রে এই ফোন নতুন মানদণ্ড তৈরি করতে চলেছে। ভারতীয় গ্রাহকদের হাতে বতিবক্সী পারফরম্যান্স-সহ উন্নতমানের মোবাইল তুলে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে লাভা। মাত্র ১৭,৯৯৯ টাকার প্রারম্ভিক মূল্যে উপলব্ধ এই ব্লেজ কার্ড ৫জি ফোন সেই প্রতিশ্রুতিরই সার্থক প্রতিফলন। এই ফোনের আরও এক বৈশিষ্ট্য হল নিজের শ্রেণীতে সেরা চোখ ধাঁধানো 16.94 cm (6.67) 120Hz 3D কার্ড অ্যামোলেড ডিসপ্লে যেখানে পাওয়া যাচ্ছে Widevine L1-এর সাপোর্ট যাতে ভিডিয়ো দেখার অভিজ্ঞতা আরও সমৃদ্ধ হয়। ফোনের পেছনে থাকবে প্রিমিয়াম এজি গ্লাস ব্যাক নকশা ও EIS সাপোর্ট থাকা 64MP প্রাইমারি ক্যামেরা (সোনি সেন্সর)। সেই সঙ্গে 8MP আল্ট্রাওয়াইড ও 2MP ম্যাক্রো সাপোর্ট পাওয়া যাবে। এই মোবাইলের সামনের ক্যামেরা ৩২মগ্ন ফলে নিজস্বী উঠবে নিখুঁত, বিশদ ও বন্ধবন্ধে।

লাভা ব্লেজ কার্ড ৫জি দুটি রঙে পাওয়া যাবে, আয়রন গ্লাস ও ভিরিডিয়ান গ্লাস। এখানেই শেষ নয়, ব্লেজ কার্ড 5G-তে আছে Dolby Atmos-এর সাপোর্ট থাকা স্টিরিয়ো স্পিকার ফলে এই ফোনের অডিয়ার মানও উন্নত ও গভীর। লাভা ইন্টারন্যাশনালের ম্যানেজিং ডিরেক্টর সুনীল রায়না বলেন, স্মার্টফোন শিল্পে ভারতীয় প্রযুক্তির কামাল দেখিয়ে দিল ব্লেজ কার্ড ৫জি। বিশ হাজারের মধ্যে দাম থাকা মোবাইল ফোন ক্রেতাদের আশা মেটাতে, ব্লেজ সিরিজের মাধ্যমে আমরা বিশ্বমানের অভিজ্ঞতা প্রদান করছি। উন্নতমানের ব্যবহারিক অভিজ্ঞতা প্রদানের ক্ষেত্রে লাভা দায়বদ্ধ। সেই রীতি মেনেই ব্লেজ কার্ড ৫জি ব্রোডঅয়ারমুক্ত, পরিচ্ছন্ন অ্যান্ড্রয়েড ১৩ প্ল্যাটফর্মে চালিত হয়। সেই সঙ্গে লাভা নির্যাতন সফটওয়্যার আপডেটের প্রতিশ্রুতি দিচ্ছে যার মধ্যে রয়েছে Android 14 * 15-এ নিশ্চিত আপগ্রেড ও তিন বছরের জন্য ক্রোমস্টিক নিরাপত্তা আপডেট। ব্লেজ কার্ড ৫জি-তে রয়েছে ফাস্ট চার্জিং-সহ শক্তিশালী ৫০০০ mAh লি-পলিমার ব্যাটারি ও ৩৩W চার্জার। ফলে বিনা বাধায়, নিশ্চিত্তে দীর্ঘক্ষণ ব্যবহার করা যাবে এই মোবাইল।

জুনে বিশ্বকাপ, আইপিএল দ্রুত শেষ করতে ডাবল ধামাকা বোর্ডের

মুম্বই, ১০ মার্চঃ সময় চলিয়া যায় নদীর স্রোতের প্রায় সময় বড়ই মূল্যবান। তাই সময়ের কথা মাথায় রেখে কয়েকদিন আগে বোর্ডের পক্ষ থেকে আইপিএলের ২১টি ম্যাচের আংশিক সূচি ঘোষণা করা হয়েছে। এ বার সময় বাঁচাতে বড় সিদ্ধান্ত নিতে চলেছে বিসিসিআই। আসলে চলতি বছরের জুনে রয়েছে আইসিসি টি-২০ বিশ্বকাপ। তার জন্য মে মাসের মধ্যে আইপিএল শেষ করতে চাইছে বোর্ড। এ বছর দেশে হবে লোকসভা নির্বাচন। তার জন্য আইপিএলের পুরো সূচি ঘোষণা করতে পারেনি বিসিসিআই। এ বার আইপিএল দ্রুত শেষ করার জন্য বোর্ড ডাবল ধামাকা দিতে চলেছে। জুনে তার কী? আর ১১দিন পর ১৭তম আইপিএলের ঢাকে কাটি পড়বে। তার আগে স্পোর্টসস্টার-কে দেওয়া এক সাক্ষাৎকারে আইপিএলের চেয়ারম্যান অরুণ ধুমাল জানিয়েছেন, ২৫-২৬ মে-র মধ্যে আইপিএল শেষ করে দেওয়ার

বিষয়ে ভাবনাচিন্তা করছে বোর্ড। কিন্তু সময় কম বলে টুর্নামেন্ট তাড়াতাড়ি শেষ করার জন্য বেশি ডাবল হেডারের কথা ভাবতে পারে বিসিসিআই। অরুণ ধুমালের কথায়, “২০১৯ সালেও নির্বাচন হয়েছিল।



তারপরও আইপিএল হোম ও অ্যাওয়ে ফর্ম্যাটেই অনুষ্ঠিত হয়েছিল। একবার লোকসভা নির্বাচনের তারিখ বেরিয়ে গেলে এবং ভোটের তারিখ গুলি সম্পর্কে আমরা স্পষ্ট জানতে পারলে আইপিএলের পরবর্তী পর্বের কাজ নিয়ে ভাবতে পারব। কিন্তু জুনের প্রথম সপ্তাহে টি-২০

বিশ্বকাপ রয়েছে। তাই ২৫ মে কিংবা ২৬ মে-র মধ্যে আইপিএল শেষ করার কথা ভাবা হচ্ছে। কারণ তারপর মার্কিন যুক্তরাষ্ট্র পাউন্ট দেবেন ক্রিকেটরার।” লোকসভা নির্বাচনের কারণে আইপিএলের প্রথম পর্বের পর কিছুটা টুর্নামেন্টে বিরতি থাকতেই পারে। কিন্তু বিশ্বকাপ সামনে বলে সময় কম থাকায় ডাবল হেডারের সংখ্যা বাড়তে পারে জানিয়েছেন আইপিএল চেয়ারম্যান। তাঁর কথায়, “নির্বাচনের সূচির কথা মাথায় রাখতে হবে আমাদের। সেক্ষেত্রে আমাদের আইপিএলে ডাবল হেডার বাড়তে হতে পারে। ভোট শেষ হলে আমরা পরিষ্কার ধারণা পাব।” আইপিএলে ডাবল হেডার নতুন কিছু নয়। বরাবরই ডাবল হেডার (একদিনে দুটো আইপিএল ম্যাচ) থাকে। বেশিরভাগ সময় উইকএন্ডে আইপিএলের ডাবল ম্যাচ থাকে। কিন্তু মাঝে মাঝে সপ্তাহের অন্যান্য দিনেও আইপিএলে একটি দিনেই দুটো ম্যাচও হয়েছে।

কেকেআর-এ রয়-এর বদলে দলে এলেন ফিল সল্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ মার্চঃ ব্যক্তিগত কারণের জন্য আইপিএল থেকে নাম তুলে নিলেন কলকাতা নাইট রাইডার্সের (কেকেআর) জেসন রয়। তাঁর পরিবর্তে ইংল্যান্ডেরই ফিল সল্টকে দলে নিল নাইট বাহিনী। যিনি গত বছর ডিসেম্বরে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে পরপর দুটি গি-টোয়েন্টি ম্যাচে দুটি শতরান করেছিলেন। শুধু তাই নয়, ইংল্যান্ডের হয়ে ক্রিকেটের সংক্ষিপ্ততম ফর্ম্যাটে যুগ্মভাবে দ্রুততম শতরানের রেকর্ডের মালিকও হলেন সল্ট। রবিবার কেকেআরের তরফে বলা হয়েছে, “গত বছর আইপিএলে দিল্লি ক্যাপিটালসে খেলার পরে আইপিএলের (মিনি) নিলামে অধিকৃত ছিলেন ফিল সল্ট। তাকে ১.৫ কোটি টাকায় নেওয়া হল। এটা আইপিএলে তাঁর দ্বিতীয় দরশন হতে চলেছে।” এমনটিে এবার কেকেআরের যা দল হয়েছে, তাতে রয়ের পক্ষে

প্রথম একাদশে ঠাই পাওয়া বেশ কঠিন ছিল। কারণ কেকেআরের প্রথম একাদশে সুনীল নারিন, আন্দ্রে রাসেল এবং মিচেল স্টার্কের জায়গা নিশ্চিত। চতুর্থ বিদেশি হিসেবে একজন ব্যাটারকে নেওয়া হবে। আর সেই লড়াইয়ে রহমানউল্লাহ গুরবাজ এগিয়ে আছেন। কারণ কেকেআরের হাতে কোনও ভালো উইকেটকিপার-ব্যাটার নেই। কেএস ভরত থাকলেও খারাপ কর্মের জন্য ভারতীয় টেস্ট দল থেকে বাদ পড়ে গিয়েছেন। ফলে তাঁর উপর আস্থা নেই। অর্থাৎ গুরবাজকেই খেলানোর সম্ভাবনা বেশি। যিনি সম্প্রতি ভালো ছন্দে আছেন। সেই পরিস্থিতিতে সল্টেরও প্রথম একাদশে সুযোগ পাওয়ার সম্ভাবনা বেশ কম। গৌতম গম্ভীররা গুরবাজকে বসানোর সিদ্ধান্ত নিলে প্রথম একাদশে ঢুকতে পারবেন সল্ট।

চব্বিশের আইপিএল শুরুর আগে পাঁচিশের আইপিএলের মেগা নিলামের বড় আপডেট

দুরন্ত বার্তা প্রতিবেদন

মুম্বই, ১০ মার্চঃ চব্বিশের আইপিএলের বল মাঠে গড়ানোর আগেই বড় খবর। ২০২৫ সালে হবে আইপিএলের মেগা নিলাম। ২০২৬ সালের ডিসেম্বরে দুবাইতে হয়েছিল এ বারের আইপিএলের মিনি নিলাম। নতুন বছরে হবে বড় নিলাম। মেগা নিলাম মানে দল বেশি করে সাঙ্গানোর সুযোগ। সম্প্রতি আইপিএলের চেয়ারম্যান অরুণ ধুমাল নিশ্চিত করেছেন, ২০২৫ সালে হবে আইপিএলের মেগা নিলাম। ২০২৫ এর আইপিএলের জন্য কতজন করে ক্রিকেটার রিটেন করতে পারবে ১০ ফ্র্যাঞ্চাইজি? ২২ মার্চ থেকে শুরু হবে এ বারের আইপিএল। তার আগে স্পোর্টসস্টার-কে দেওয়া এক সাক্ষাৎকারে আইপিএলের চেয়ারম্যান জানিয়েছেন, পাঁচিশে হবে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের মেগা নিলাম। তাঁর কথায়, “নিশ্চিতভাবেই ২০২৫ সালের আইপিএলের মেগা নিলাম হবে। আর প্রতিটা ফ্র্যাঞ্চাইজি ৬-৪ জন ক্রিকেটারকে ধরে রাখতে পারবে। আর তারপর একটা পুরো নতুন দল গড়ে নিতে পারবে। এই নিয়মটা বেশ আকর্ষণীয়। আর সেই ধারাটাই আগামী বছরও বজায় থাকবে।” অরুণ ধুমালের মতে মেগা নিলামে প্রচুর নতুন প্রতিভা আইপিএলে প্রবেশ করার সুযোগ পাবে। তিনি বলেন, “আশা করি, মেগা নিলাম ততটা বড় এবং ততটা ভালো হবে যতটা আমরা আগেও দেখেছি। ভারত বা অন্যান্য দেশ থেকে আসা নতুন প্রতিভা সুযোগ পাবে। আফগানিস্তানের মতো দল আইপিএলের জন্য উপকৃত হয়েছে। কারণ বহু আফগান ক্রিকেটার আইপিএলে তাঁদের প্রতিভা প্রদর্শন করতে পারো।” ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের মেগা নিলাম মানে স্বাভাবিকভাবেই প্রচুর ক্রিকেটারের ভাগ্য পরিষ্কার সুযোগ। ভারতের ঘরোয়া ক্রিকেটাররা যেমন মেগা নিলামে সুযোগ পেতে পারেন, তেমনই একাধিক বিদেশি ক্রিকেটাররাও আইপিএল টিম পেতে পারেন। একদিকে আইপিএলের মেগা নিলামের কথা শুনে ক্রিকেট প্রেমীরা উচ্ছ্বসিত আছেন। পাশাপাশি দিন গুনছেন এ বারের আইপিএল শুরু হওয়ার। আপাতত ২২ মার্চ থেকে ৭ এপ্রিল অবধি মোট ২১টি আইপিএল ম্যাচের আংশিক সূচি ঘোষণা করেছে বিসিসিআই।



দিল্লি ক্যাপিটালসের প্রাথমিক দলে নেই ঋষভের নাম

নয়াদিল্লি, ১০ মার্চঃ আইপিএল শুরু হওয়ার মাত্র ১২ দিন আগে ঋষভ পন্থকে নিয়ে শুরু হল নতুন জন্মনা। দুর্ঘটনার জন্য এক বছরের বেশি সময় ধরেই প্রতিযোগিতামূলক ক্রিকেটের বাইরে আছেন পন্থ। আইপিএলের মঞ্চকেই প্রত্যাবর্তনের জন্য পাখির চোখ করেছিলেন ভারতীয় এই ক্রিকেটার। কিন্তু টুর্নামেন্ট শুরুর ১২ দিন আগে বিধি বামা। ঋষভ পন্থকে দলে রেখেই আসার মনোবৃত্তির জন্য রনকৌশল সাজিয়েছে দিল্লি ক্যাপিটালস দল। কিন্তু রবিবার পন্থকে নিয়ে পাওয়া



গেল বিরাট আপডেট। দিল্লি ক্যাপিটালসের প্রাথমিক দলে তাঁর নাম নেই। কিন্তু কেন তারকা ক্রিকেটারকে প্রাথমিক দলে রাখলেন না সেরাড গম্ভোপাধ্যায়, রিকি পণ্ডিৎরা। এখনও পুরোপুরি ম্যাচ ফিট হতে পারেননি বলে বাহাতি ব্যাটারকে হাউজপ্লে দেয়নি এনসিএ। সেই ইচ্ছা নিয়ে প্রাথমিক দলে রাখা যায়নি। তবে ফিটনেস সার্টিফিকেট পাওয়ার পরে আলোচনাকে পন্থকে দলের অন্তর্ভুক্ত করতে পারে দিল্লি ক্যাপিটালস।

অস্ট্রেলিয়াকে সরিয়ে টেস্টের শীর্ষে ভারত তিন ফর্ম্যাটেই দাপট রোহিতদের

দুবাই, ১০ মার্চঃ ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজ জিতে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় শীর্ষস্থান আগেই মজবুত করেছিল ভারত। ধরমশালায় টেস্ট জেতার ২৪ ঘণ্টার মধ্যেই আরও বড় সুখবর এল ভারতীয় শিবিরে। শুধু বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তালিকাতেই নয় এবার আইসিসির টেস্ট ক্রম তালিকাতেও ১ নম্বর স্থান দখল করে নিল টিম ইন্ডিয়া। ধরমশালায় ইনিংস ও ৬৪ রানে জয় ছিনিয়ে নিল ভারত। ৪-১ এ সিরিজ নিজেদের পকেটে পুরল ভারত। ঘরের মাঠে দুরন্ত পারফরম্যান্সের পুরস্কার পেল টিম ইন্ডিয়া। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে আগেই শীর্ষে পৌঁছেছিল রোহিত শর্মার দল। এবার অস্ট্রেলিয়াকে সরিয়ে আইসিসির টেস্ট ক্রম তালিকাতেও এক নম্বরে জায়গা করে নিল টিম ইন্ডিয়া। একইসঙ্গে তিন ফর্ম্যাটেই এক নম্বর স্থানে ভারত। আইসিসির সদ্য প্রকাশিত তালিকা অনুসারে ভারত ১২২ পয়েন্ট নিয়ে টেস্ট ক্রম তালিকার শীর্ষে। এক ধাপ উপরে উঠেছে ভারত। ১১৭ পয়েন্ট নিয়ে দুই নম্বরে অস্ট্রেলিয়া, ১১১ পয়েন্ট নিয়ে তিন নম্বরে



ইংল্যান্ড। ১২১ পয়েন্ট নিয়ে একদিনের ক্রম তালিকাতেও ১ নম্বরে ভারত। অন্যদিকে, ২৮৬ পয়েন্ট নিয়ে টি২০ ক্রম তালিকাতেও

বিরুদ্ধে হায়দ্রাবাদের হার তাদের ফের নামিয়ে দিয়েছিলো পাঁচ নম্বরে। ধরমশালায় জয় লীপ শীর্ষে ভারতের অবস্থান আরও পোক্ত করলো। ৯ টেস্ট ম্যাচে ৬ জয় ২ হার ও ১ ড্র-সহ ভারতের পার্সেন্টেজ পয়েন্ট বর্তমানে ৬৮.৫১। ২০১৯-২১ ও ২০২১-২৩ গত দুটি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের সাইকেলেই ফাইনালে জায়গা করে নিয়েছে ভারত। যদিও কোমোবারই খেতাব জেতার স্বপ্ন পূরণ হয়নি। এই সিরিজ জয়ের ফলে ভারত অনেকটাই সুবিধাজনক স্থানে থাকল। এখনও অবধি মোট ৫৭৯টি টেস্টে খেলে ভারতের জয় ১৭৮টি এবং হারও ১৭৮টি। এ ছাড়া ভারত টেস্ট ড্র করেছে ২২২ বার আর টাই ১ বার। ভারতীয় টেস্ট ক্রিকেটের ইতিহাসে এখন হার ও জয়ের পরিমাণ একই এই প্রথম বার হল। ভারতের মাটিতে এই নিয়ে ১১৮তম টেস্ট ম্যাচ জিতেছে টিম ইন্ডিয়া। টেস্ট খেলা দেশগুলির মধ্যে দেশের মাটিতে সবচেয়ে বেশি টেস্ট জয়ের নিরিখে ভারত পৌঁছে গিয়েছে তিন নম্বরে। অস্ট্রেলিয়া দেশের মাটিতে ২৫৯টি টেস্টে জিতেছে আর ইংল্যান্ড তাদের দেশের মাটিতে জিতেছে ২৩৩টি টেস্ট।

খেলার ইচ্ছে নেই শ্রেয়সের! এক হাত দূরের ডেলিভারি খোঁচা দিয়ে আউট

মুম্বই, ১০ মার্চঃ ‘জোর করে কিছু হয় না...’ কথাগুলো বেশ গুঁছিয়েই বলেছিলেন ঋদ্ধিমান সাহা। বোর্ডের বার্ষিক চুক্তি থেকে যখন ঈশান কিষাণ ও শ্রেয়স আইয়ার বাদ পড়েন তখন দেশের তারকা ক্রিকেটার ঋদ্ধিমান সাহাকে প্রশ্ন করা হয়েছিল এই বিষয়ে। ঋদ্ধি দীর্ঘদিন জাতীয় দলে সুযোগ হান না। কিন্তু তিনি ক্রাব ক্রিকেট থেকে বা আইপিএল যখন যেখানেই সুযোগ পেয়েছেন, ঠিক খেলেছেন। কিন্তু শ্রেয়স আর ঈশানের রঞ্জির প্রতি অনীহা নিয়ে মাঝাকচ আলোচনা হয়েছে ক্রিকেট মহলে। মুম্বইয়ের হয়ে রঞ্জি সেমিফাইনাল খেলার পর ফাইনালেও খেলছেন

শ্রেয়স আইয়ার। কিন্তু নিজের ইচ্ছেতে খেলছেন তো? বিদর্ভের বিরুদ্ধে যেভাবে প্রথম ইনিংসে শ্রেয়স আউট হয়েছেন, তাতে এই প্রশ্নই উঠছে। ক্রিকেট মহলের মতে, যেন বাধ্য হয়ে রঞ্জিতে খেলছেন শ্রেয়স। জোর করে শ্রেয়সের রঞ্জি খেলা তাঁর ব্যাটিংয়ে ফুটে উঠছে। ফাইনালের মতো ম্যাচ। যেখানে চতুর্থ উইকেটে অধিনায়ক অজিঙ্ক রাহানের সঙ্গে একটা জমাট জুটি গড়ার কথা, সেখানে এক হাত দূরের ডেলিভারি খোঁচা দিয়ে আউট হলেন শ্রেয়স। উমেশ যাদবের যে ডেলিভারিতে আউট হলেন তিনি, তা দেখার পর অনেকেই বলছেন তাঁর মেন ইচ্ছে নেই রঞ্জিতে

খেলার। তাকে যেন জোর করে খেলতে হচ্ছে। তাই একটা দায়সারা ভাব ফুটে উঠছে তাঁর খেলার। যেন



কোনও রকমে খেলা শেষ হলে বাঁচি গোছের মনোভাব শ্রেয়সের। যার ফলে, ধারাভাষ্যকাররাও যে কারণে বলছিলেন, শ্রেয়সের হৃদয়ীন খেলার যেন বিষয়টা মানসিক। তাঁর মাথার মধ্যে অন্যাকিচ্ছা চলছিল। না হলে কেউ এত দূরের বল কোনও

পায়ের মুডমেন্ট নেই, জায়গায় দাঁড়িয়ে এ ভাবে ব্যাট এগিয়ে দেয় না। শ্রেয়সের প্রথম শ্রেণির ক্রিকেটে এবং টেস্টে খেলার এত বছরের অভিজ্ঞতা। কিন্তু ফাইনালের মতো ম্যাচে সেই ছাপ দেখা গেল না শ্রেয়সের ব্যাটে। ১৫ বলে ৭ রান করে আউট হন শ্রেয়স আইয়ার। টস হেরে প্রথমে ব্যাটিং করে পৃথ্বী শ ও ভূপেন লালওয়ানি। জুটিতে ওঠে ৮-১ রানা। ৩৭ রান করে আউট হন ভূপেন লালওয়ানি। যশ ঠাকুর বিদর্ভকে প্রথম উইকেট দেন। ডান দিকে ভাইড দিয়ে দারুণ ক্যাচ উইকেটকিপারের। এরপর ৬৩ বলে ৪৬ রানে আউট হন পৃথ্বী শ। হর্ষ দুবে ক্লিন বোল্ড করেন পৃথ্বীকে।

তারপর ১২ বলে ৬ রান করে মাঠ ছাড়েন মুশির খান। পৃথ্বীর পর হর্ষ দুবে ২৫তম ওভারের তৃতীয় বলে ফেরান মুশিরকে। দলগত ৩ অঙ্কের রানের আগে চতুর্থ উইকেট হারিয়ে ফেলে মুম্বই। এরপর লাগ্ন বিরাতির পর হার্দিক তোমার (৫) এবং অজিঙ্ক রাহানে (৭) রানে আউট হয়ে যান। খানের কিনারা থেকে পরিভ্রাটা সেই শার্দূল ঠাকুর। ৭৫ রানের এক বকবককে ইনিংস খেলে দলকে একটু স্বস্তির নিঃশ্বাস ফেলার জায়গায় পৌঁছে দেন। শেষ পর্যন্ত ২২৪ রানে শেষ হয় মুম্বইয়ের ইনিংস। প্রত্যুত্তরে ব্যাট করতে নেমে ৩১ রানে ৩উইকেট হারিয়ে লড়াইে বিদর্ভ।

ফিল্ডিংয়েও মেডেল ছিনিয়ে নিলেন কুলদীপ!

ধরমশালা, ১০ মার্চঃ ঘরের মাঠে বিশ্বকাপের সময়ই ভারতের ড্রেসিংরুম বিশেষ পুরস্কার চালু হয়েছিল। ম্যাচের সেরা ফিল্ডারকে পদক দেওয়া হত। বিরাট কোহলি, রবীন্দ্র জাদেজা, শ্রেয়স আইয়ার, লোকেশ রাহুলরা সেই পদক জিতেছিলেন। ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজের পরও বিশেষ পদক দেওয়া হল। এর মধ্যে রয়েছে চমকে দেওয়া সিদ্ধান্তও। ঘরের মাঠে ইংল্যান্ডের বিরুদ্ধে হার দিয়ে সিরিজ শুরু করেছিল ভারত। টানা চার ম্যাচ জিতে সিরিজ ৪-১ ভারতের পক্ষে। সিরিজ শেষে বিশেষ পদক কারা পেলেন? ঘরের মাঠে ওয়ান বিশ্বকাপের সময় ভারতের মেডেল সেরিমনি আলাদা জায়গা করে নিয়েছিল। কোথাও ড্রেসিংরুমে পদক পরিবে দেওয়া হয়নি। আবার স্পাইকামে করেও পদক নেমেছে। কখনও জায়ান্ট স্ক্রিনে ভেসে উঠেছে সেরা ফিল্ডারের নাম। আবার দেখা গিয়েছে ‘বাগ’ ক্যাম বেধে নিয়েছে সেরা ফিল্ডার। এমন অনেক মজার মুহূর্ত দেখা গিয়েছে। পদক জেতা নিয়ে প্লেয়ারদের মধ্যে একটা প্রতিযোগিতা লেগেই থাকবে। আখেরে যা দলের

লাভ। ভারত-ইংল্যান্ড পাঁচ ম্যাচের সিরিজ থেকে সেরা ফিল্ডার বেছে নেওয়ার কাজটা সহজ ছিল না। ফিল্ডিং কোচ টি-দিলীপ ড্রেসিংরুমে সে কথাই বলেন। অবশেষে যুগ্মভাবে সেরা ফিল্ডারের পদক দেওয়া হয় রোহিত শর্মা ও শুভমন গিলকে। বোর্ড সচিব জয় শাহ পদক তুলে দেন। কিন্তু আরও একটা বিশেষ পুরস্কার ছিল। ইমপ্যাক্ট ফিল্ডার। এই সিরিজে নিজের ফিল্ডিংয়ে নবজাগরণ ঘটিয়েছেন, কুলদীপ যাদব সম্পর্কে এমন মন্তব্য ফিল্ডিং কোচ টি-দিলীপের। কুলদীপকে এই পদক দেওয়া হয়। ইংল্যান্ডের বিরুদ্ধে তাঁর প্রাথমিক দায়িত্ব অর্থাৎ বোলিংয়ে দুর্দান্ত পারফর্ম করেছেন। আলাদা করে পার্শ্বক্য গড়ে দিয়েছে তাঁর ব্যাটিং। রাঁচি টেস্টে ধ্রুব জুরেলের সঙ্গে অনবদ্য একটা জুটি গড়েন কুলদীপ। ধরমশালা টেস্টেও দুর্দান্ত ব্যাটিং করেন। রাঁচি ম্যাচে একশোর বেশি বল খেলা কুলদীপকে দেখে ধারাভাষ্যকাররাও বলতে বাধ্য হন যেন ব্র্যাডম্যানের মতো ব্যাটিং। সব বিভাগেই দুর্দান্ত পারফর্ম করা কুলদীপকে গর্বিত সতীর্থরাও।

হ্যারি কেইনের হ্যাটট্রিক, রেকর্ড, বায়ার্ন মিউনিখের গোল উৎসব

মিউনিখ, ১০ মার্চঃ হ্যারি কেইনের হ্যাটট্রিকের রাতে বুন্দেসলিগায় মাইনসকে ৮-১ গোলে হারিয়েছে বায়ার্ন মিউনিখ। হ্যাটট্রিকের পাশাপাশি একটি গোলে অ্যাসিস্টও করেছেন ইংলিশ অধিনায়ক। দলের বড় জয়ে গোল করে ও করিয়ে বুন্দেসলিগার একাধিক রেকর্ডে নাম লিখিয়েছেন কেইন। এ জয়ে বুন্দেসলিগার শিরোপা-দৌড়ে বায়ার লেভারকুসেনের সঙ্গে ব্যবধানও কমিয়েছে বায়ার্ন। পয়েন্ট তালিকার তলানির দিকে থাকা মাইনসকে আজ নিজেদের মাঠে আড়িয়েঘেঁষা দিয়েছে বায়ার্ন। তবে মাঠের লড়াইয়ে বায়ার্ন রীতিমতো ‘নিষ্ঠুর আক্রমণ’ই চালিয়েছে মাইনস রক্ষকে, বিশেষ করে দ্বিতীয়ার্ধে। প্রথমার্ধে বায়ার্ন এগিয়েছিল ৬-১ ব্যবধানে। ১৩ মিনিটে হ্যারি কেইন আর ১৯ মিনিটে লিও গোরেস্কা গোল করে বায়ার্নকে ২-০ ব্যবধানে এগিয়ে দেন। ৬১ মিনিটে নালিয়েম আমিরির সৌজন্যে এক গোল শোধ দিয়ে স্যে মাইনস প্রথমার্ধের যোগ করা সময়ে বায়ার্নকে



তৃতীয় গোল এনে দেন কেইন। বিরতির পর কেইন-গোরেরস্কার সঙ্গে গোলাদাতার খাতায় নাম লেখাতে শুরু করেন অনাররা। ৪৭ মিনিটে টমাস মুলার, ৬১ মিনিটে জামাল মুসিয়াল্লা, ৬৬ মিনিটে সার্জ নাত্রি গোল করে স্কোরলাইন ৬-১ বানিয়ে ফেলেন। এই

মরসুমের টটেনহাম থেকে বায়ার্নে যাওয়া কেইন ৭০ মিনিটে হেড বোল জড়িয়ে হ্যাটট্রিক পূর্ণ করেন। আর যোগ করা সময়ের দ্বিতীয় মিনিটে গোরেস্কা নিজের দ্বিতীয় গোল করে মাইনসের দুর্ভোগ আরও বাড়িয়ে তোলেন। ৩০ বছর বয়সী কেইনের আজকের

হ্যাটট্রিকটি ছিল বায়ার্নের হয়ে চতুর্থ। বুন্দেসলিগার ইতিহাসে প্রথম মরসুমের চারটি হ্যাটট্রিক করতে পারেননি আর কেউই। এ ছাড়া লিগে ম্যাচে দুই বা তার বেশি গোল করেন এ নিয়ে আটটি দলের বিপক্ষে। এটিও বুন্দেসলিগায় অভিষেক মরসুমে কোনো ফুটবলারের প্রথম কীর্তি। সব মিলিয়ে লিগে ২৫ ম্যাচেই ৬০ গোল হয়ে গেছে কেইনের। বুন্দেসলিগায় প্রথম মরসুমে এটি সর্বোচ্চ গোল। ১৯৬৩-৬৪ মরসুমে হামবার্গারের হয়ে ৬০ ম্যাচে ৬০ গোল করেছিলেন কিংবদন্তি জার্মান স্ট্রাইকার উয়ি সিলার। কেইনের রেকর্ডের রাতে জিতে লিগে বায়ার্নের পয়েন্ট দাঁড়িয়েছে ২৫ ম্যাচে ৫৭-কো এক ম্যাচ ৬৪ খেলে লেভারকুসেনের পয়েন্ট ৬৪। জাভি আলোনসোর দল আগামীকাল খেলবে পয়েন্ট তালিকার ১৮ নম্বরে থাকা ডার্মস্টাডের বিপক্ষে। ২৫ পয়েন্ট নিয়ে ১৭ নম্বরে আছে বায়ার্নের কাছে বিধস্ত হওয়া মাইনস।